গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ
নাসিরাবাদ, চট্টগ্রাম।
ওয়েব সাইট : cgwc.edu.bd

নম্বর :

তারিখ : ৩০/০৬/২০২১ খ্রিঃ

# বিজ্ঞপ্তি

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক দ্বাদশ শ্রেণির ছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদের অ্যাসাইনমেন্ট/মূল্যায়ন পরীক্ষার প্রশ্নপত্রসমূহ কলেজের নির্ধারিত ওয়েবসাইট (www.cgwc.edu.bd) ও ফেইসবুক পেইজে আপলোড করা হয়েছে। নির্ধারিত রুটিন অনুযায়ী প্রশ্নপত্র সংগ্রহ করে উক্ত দিনের পরীক্ষা বাসায় বঁসে সম্পন্ন করে নিজেদের কাছে সংরক্ষণ করবে। উত্তরপত্রসমূহ নির্ধারিত তারিখে কলেজে জমা দিবে।

**[বিঃ দ্রঃ- পরিস্থিতির কারণে কোন তারিখ পরিবর্তন হলে তা বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।]**

30/06/21

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ
চট্টগ্রাম।

30/06/21

(মোঃ আবদুল্লাহ আল মামুন)
সহযোগী অধ্যাপক, বাংলা ও আহবায়ক
দ্বাদশ শ্রেণির চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা পরিচালনা কমিটি-২০২১
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম।

# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## দ্বাদশ শ্রেণির মূল্যায়ন পরীক্ষা-২০২১
বিষয় ঃ বাংলা ২য় পত্র (আবশ্যিক)

পূর্ণমান-১০০

[দ্রষ্টব্য ঃ ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো যথাযথ উত্তর দাও।একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১। (ক) অন্ত্য- 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ : ৫

(খ) **নিচের যে কোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখ :**
অদ্বিতীয়, আহ্বান, উহ্য, ঐশ্বর্য, জ্ঞাত, পর্যন্ত, বিস্মিত

২। (ক) বানান রীতি পাঠের প্রয়োজনীয়তা আলোচনা কর। ৫

**অথবা**

(খ) **যে কোনো পাঁচটি শব্দের বানানের শুদ্ধরূপ লেখ :**
বাংগালী, দুরত্ব, ধুপ, পঞ্চবট, অনুসূয়া, ইতিপূর্বে, ভাষণ, কুপমন্ডুক।

৩। (ক) বাংলা ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

**অথবা**

(খ) **নিম্নলিখিত অনুচ্ছেদ রেখাঙ্কিত যে কোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :**
(i) প্রগাঢ় নিকুঞ্জ।
(ii) তুমি যে আমার কবিতা।
(iii) বাঃ ! চমৎকার একটি গল্প লিখেছো।
(iv) নীল, হলুদ, বেগুনি অথবা সাদা।
(v) বিপদ কখনো একা আসে না।
(vi) পয়লা বৈশাখ বাঙালির উৎসবের দিন।
(vii) দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে।
(viii) ট্রেন দ্রুত চলতে লাগলো।

৪। (ক) উপসর্গ কী? বাংলা শব্দ গঠনে উপসর্গের গুরুত্ব নির্ণয় কর। ৫

**অথবা**

(খ) **যে কোনো পাঁচটি শব্দের ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর :**
শতাব্দী, প্রবচন, উদ্বেল, জনমানব, গ্রন্থকার, সহোদর, চরণকমল, ভবনদী।

৫। (ক) গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৫

**অথবা**

(খ) **বন্ধনীর নির্দেশনা অনুসারে যে কোনো পাঁচটির বাক্যান্তর কর :**
(i) দুর্জন লোক পরিত্যাজ্য। (জটিল)
(ii) যে রক্ষক সেই ভক্ষক। (সরল)
(iii) সূর্যোদয়ে অন্ধকার দুর হয়। (যৌগিক বাক্য)
(iv) দশ মিনিট পর ট্রেন এলো। (যৌগিক বাক্য)
(v) ভাষায় অক্ষরের ভূমিকা গৌণ। (নেতিবাচক)
(vi) সেখানে কেউ নেই। (অস্তিবাচক)
(vii) এটাতো মানুষের ধর্ম নয়। (প্রশ্নাত্মক)
(viii) দেশের সেবা করা উচিত। (অনুজ্ঞাবাচক)

৬। **(ক) যে কোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখ :** ৫
(i) দুর্জন লোক পরিত্যাজ্য। (জটিল)
(i) সকল দর্শকমন্ডলীকে স্বাগত জানাই।
(ii) তাহার বৈমাত্রেয় সহোদর অসুস্থ।
(iii) রাঙামাটি পার্বতীয় এলাকা।
(iv) দেশবাসীকে স্বাক্ষর করা দরকার।
(v) কীর্তিবাস বাংলা রামায়ণ লিখেছেন।
(vi) চোখে হলদে ফুল দেখছি।
(vii) শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলী অর্পণ করবো।
(viii) মেয়েটি স্বয়ম্বর।

**অথবা**

(খ) **নিচের অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :**
আজিকাল বানানের ব্যাপারে সকল ছাত্ররাই অমনযোগী। বানান শুদ্ধতম করে লিখার ব্যাপারে তারা তো সচেষ্ট নয়ই বরং অবস্থাদৃষ্টে মনে হয় তাহারা যেন সর্বদাই ভুল করার প্রতিযোগিতায় নেমেছে। তা যথার্থই লজ্জার ব্যাপার। ভাষা-শিক্ষা বহুলাংশে বানানের মাধ্যমেই সিদ্ধ হয়। অতএব বানান শিক্ষা খুবই গুরুত্বপূর্ণ।

৭। **(ক) যে কোনো দশটি বাংলা শব্দের পারিভাষিক রূপ লেখ :** ১০
(i) দুর্জন লোক পরিত্যাজ্য। (জটিল)
Black-out, Custom, Deed of gift, Affidavit, Eye-wash, Feudal, Gazetted, Horizon, Lease, Mobile-Court, Nursery, Reagent, Stipend, Tariff, Visa.

**অথবা**

(খ) **নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :**
We should bear the courage to say the right thing. We need not fear men nor care for what others think of us. So long our purpose is honest, God will be on ous side. And with His help, we shall be able to encourage the weak. Thus we shall be able to march in life anf search its goal.

৮। **(ক) পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ বন সুন্দরবন ভ্রমণের ঘটনা নিয়ে একটি দিনলিপি রচনা কর।**৬

**অথবা**

(খ) **স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপনের ওপর একটি প্রতিবেদন রচনা কর।**

৯। **(ক) মোবাইল ফোনের অপব্যবহারের ক্ষতিকর দিকগুলো উল্লেখ করে ছোটভাইকে প্রেরণের জন্য একটি ই-মেইল রচনা কর।** ১০

**অথবা**

(খ) **তোমাদের গ্রামে একটি দাতব্য চিকিৎসালয় স্থাপনের প্রয়োজনীয় উল্লেখ করে জেলা প্রশাসকের নিকট একটি আবেদনপত্র লেখ।**

১০। **(ক) সারাংশ লেখ :** ১০
প্রকৃত জ্ঞানের স্পৃহা না থাকলে শিক্ষা ব্যর্থতায় পর্যবসিত হয়। তখন পরীক্ষা পাসটাই বড় হয় এবং পাঠ্যপুস্তকের পৃষ্ঠায় জ্ঞান সীমাবদ্ধ থাকে। এ কারণেই পরীক্ষায় পাস করা লোকের অভাব নেই আমাদের দেশে। কিন্তু অভাব আছে জ্ঞানীর। যেখানেই পরীক্ষা পাসের মোহ তরুণ ছাত্রছাত্রীদের উৎকণ্ঠিত রাখে, সেখানেই জ্ঞান নির্বাসিত জীবনযাপন করে। একটি স্বাধীন জাতি হিসেবে জগতের বুখে অক্ষয় আসন লাভ করতে হলে জ্ঞানের প্রতি তরুণ সমাজকে উন্মুখ করতে হবে। সহজ লাভ আপাতত সুখের হলেও পরিণামে কল্যাণ বহন করে না। পরীক্ষা পাসের মোহ থেকে মুক্ত না হলে তরুণ সমাজের সামনে কখনই জ্ঞানের দিগন্ত উন্মোচিত হবে না।

**অথবা**

(খ) **ভাবসম্প্রসারণ লেখ :**
মনেরে আজ কহ যে
ভালো মন্দ যাহাই আসুক
সত্যরে লও সহজে।

১১। **(ক) আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের গুরুত্ব বিষয়ে একটি সংলাপ লেখ।** ১০

**অথবা**

(খ) **'মানুষ মানুষের জন্য'-শিরোনামে একটি খুদে গল্প লেখ।**

১২। **যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ :** ২০
(ক) শিষ্টাচার
(খ) আধুনিক সভ্যতার বিদ্যুতের ভূমিকা
(গ) মুক্তিযুদ্ধের চেতনা ও আমাদের সাহিত্য
(ঘ) যুব সমাজ ও মূল্যবোধের অবক্ষয়
(ঙ) তোমার প্রিয় কবি।

# Chittagong Govt. Women's College, Chittagong.
## Class : XII Evaluation Examination-2021
## Subject : English 2nd paper

Full Marks : 100

**[N. B.: Marks in the right margin indicate full marks.]**

## PART A : GRAMMAR (60 MARKS)

**1. Complete the text with suitable prepositions : .5x14 = 7**

A mother is a supreme gift bestowed (a) _______ us by Allah. She exercises an important influence (b) _______ moulding the character (c) _______ a child and also (d) _______ shaping its future desting. A mother is regarded as the best teacher, guide and patron. An educated mother is capable (e) _______ guiding her children (f) _______ a proper way. She can guide her children (g) _______ a for better way. She never indulges them (h) _______ indecent way of life. She is like an umbrella to shelter them (i) _______ evil companions, a wall to guard them (j) _______ any dauger, a pillow to repose (k) _______ a tree to breathe (l) _______ fresh air and sanctuary to live (m) _______ without any fesr. Everyone owes (n) _______ her.

**2. Complete the sentences with suitable phrases/words given in the box : .5x16 = 8**

| | | | |
|---|---|---|---|
| need not | it is time | But for | Would you mind |
| There | As long as | had better | might |
| has to | as though | let alone | providing that |
| used to | In case | | |

(a) To be successful one _______ be punctual and dutiful.
(b) You must work hard lest you ____ lag behind in the race of life.
(c) I am short of money ____ lending me money for the time being?
(d) I will help you in time of your dire need. You _______ worry.
(e) He tries to flaunt his depth of knowledge. He behave _______ he were a man of wisdom.
(f) Bangladesh will soon be a developed country _______ its resources are properly utilized.
(g) Traffic jam is a common scenario in our big cities. _______ are many reasons behind it.
(h) You are too late by this time. _______ you moved just now.
(i) _______ you are idle, you cannot think of a solvent life.
(j) __ your help, he could not come out of his precarious condition.
(k) You look exhausted. You _______ take rest.
(l) You look tired. You cannot walk 1 mile at a stretch ___ 5 miles.
(m) When I was a child, I _______ play with my cousins.
(n) _______ you fail to contact him, go straight to his office.

**3. Complete the sentences using suitable clauses/phrases : 1x7 = 7**

(a) _______ I would travel to the moon.
(b) ____ I would have left earlier.
(c) Having worked hard, ____.
(d) It is high time, Bangladesh _______.
(e) It is said that it takes _______.
(f) My purse has been lost where _______.
(g) Avoid making friendship with naughty boys lest _______ .

**4. Read the text and fill in the gaps with the correct form of verbs as per subject and context. .5x16= 8**

When I (a) (be) _______ a child, I (b) (use to) _______ play with my playmates. There (c) _______ (be) vast open fields all around. We (d) _______ (run) here and there (e) _______ (to breathe) fresh air (f) _______ (to enjoy) sights and sounds of nature. We (g) _______ (to have) deep communion not only with our friends but also with nature. It (h) _______ (b) nature which (i) _______ (to give) us motherly shelter. We (j) _______ (to maintain) close ties with our friends who (k) _______ (to love) and (l) _______ (to care) us. Those days (m) _______ (be) gone, we still (n) _______ (to treasure) the memory of that time passionately.

**5. Change the style by using indirect speeches. 5**

The girl said to her mother, "Mom, do you love me"? "Yes, certainly," "Why don't I feel that"? said the girl. The mother replied, "It's because you are too little to understand what feelings are". "I'm too little to understand"?

**6. Read the following text and use modifiers as directed in the blank spaces : .5x10 = 5**

A. K. Fazlul Huq, (a) _______ (use an appositive), was a great parliamentarian. He was an (b) _______ (premodify the noun) leader. He won his name (c) _______ (use present participle) the Lahore Resolution. In Pakistan, he is remembered as one of the (d) _______ (premodify the noun) statesmen. He is popularly known as (e) _______ post modify the verb using a title). He was a (f) _______ (use a noun adjective) figure in the history of the Indian sub-continent. Huq boycotted titles and knighthood accorded to him by the (g) _______ (use a noun adjective) government. He played a vital role for Land reform (h) _______ (use an infinitive) the influence of Lamindars. Huq held (i) _______ (premodify the noun) offices. He is famous for (j) _______ (use possessive) oratory.

7. **Use appropriate sentence connectors in the blank spaces of the following. .5x10 = 5**

A good friend is an important person in our life. (a) _______ it is difficult to find a good friend in this selfish world (b) _______ everyone is self seeking. (c) _______ we must be careful of choosing friends. (d) _______ if we fail to choose right friends, it will cause us unwanted hazards and anxieties. It is said (e) _______ a friend in need is a friend indeed. Friends (f) _______ love us, feel for us and stand beside us are the real friends. A good friend will render his cooperation (g) _______ we are in predicament (h) _______, a fake friend will gift us in time of danger and misfortune. (i) _______ it is unpredictable and unthinkable (j) _______ a good friend is.

8. **Read the following text and write the synonyms or antonyms of the words as directed below. .5x14 = 7**

Industry is the key to success. The people, who are sedulous, can overcome any obstacle in their life. On the other hand, the people, who are lazy, can do not nothing. They plunge themselves into obysmal despair. They blame their fate and pine for what is not. They want to live on charity and move here and there aimlessly. They kill time, waste energy and suffer from corrosive frustration. Consequently, they are doomed to a life of loneliness and tragic end.

(a) Industry (antonym), key (synonym), success (antonym), obstacle (antonym), lazy (synonym), plunge (antonym), abysmal (synonym), despair (antonym), blame (synonym), pine (antonym), charity (synonym), aimlessly (antonym), corrosive (synonym), doom (synonym).

9. **There are fourteen errors in the use of punctuation marks in the following text. Rewrite the text correcting the errors. .5x14 = 7**

Nahid ____ good morning Mr. Jones Its long time since I saw you in town will you stay long

Jones ____ good morning. No Mr. Nahid I only came up on business for a few years Nahid. ____ Running away so soon why not stay few days and enjoy yourself

Jones. ____ Not me I don't find much pleasure in the smoky air of a town and all its noise and racket

Nahid. ____ Well I like to enjoy myself plenty of life and movement living in town

## PART B : COMPOSITION (40 MARKS)

10. **Suppose the danger of Corona Pandemic is looming in your locality. Now write an application to the Deputy Commissioner of your District to take preventive and precautionary steps to check its devastating outbreak. 10**
11. **Write a paragraph within 200 words on the importance of Rules of hygiene in our everyday life. 15**
12. **Write a paragraph showing the 'Causes and Effects of Drug Addicting' (Use 200-250 words) 15**

চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম

দ্বাদশ শ্রেণির মূল্যায়ন পরীক্ষা-২০২১

বিষয় ঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সৃজনশীল অংশ)

পূর্ণমান-৫০

**প্রতিটি প্রশ্নের উত্তর দিতে হবে।**

প্রশ্ন-১ : বর্তমানে অটোমোবাইল কোম্পানীগুলোতে অনেক লোক কাজ করে। কোম্পানির পলিসি অনুসারে, অফিসের মেইন বিল্ডিং এ প্রবেশের জন্য তাদের ফিঙ্গার প্রিন্ট ব্যবহার করা হয়। অফিসের মূল ওয়ার্ক স্টেশনে প্রবেশের জন্য চোখের রেটিনা স্ক্যান করা হয়। এছাড়া অফিসে তারা আরো একটি প্রযুক্তি ব্যবহার করে যেখানে তাদের চোখে চশমা এবং মাথায় হেলমেট পড়তে হয়। এই পদ্ধতিতে তারা ভার্চুয়েল গাড়ি চালিয়ে আনন্দ লাভ করে।

**ক. গ্লোভাল ভিলেজকি?**

**খ. কৃত্তিম বুদ্ধিমত্তা সম্পর্কে লিখ।**

**গ. অফিসের লোকেরা যে প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়েলি গাড়ি চালানোর অভিজ্ঞতা লাভ করে তা বর্ণনা কর।**

**ঘ. অফিসে প্রবেশের জন্য যে পদ্ধতি গুলোর কথা বলা হয়েছে তার মধ্যে কোনটি অধিক ব্যবহার হয়-বিশ্লেষণ কর।**

প্রশ্ন-২ : জিনি তার কম্পিউটার ল্যাবের ৭টি কম্পিউটারের মধ্যে এমনভাবে নেটওয়ার্ক তৈরি করতে চাইছে যেন প্রতিটি কম্পিউটারের সাথে অন্য কম্পিউটার গুলোর সরাসরি সংযোগ বিদ্যমান থাকে এবং সমসাময়িক উভমুখী ডাটা ট্রান্সমিশন সংগঠিত হতে পারবে।

**ক. রিপিটর কি?**

**খ. আলোর গতিতে ডাটা ট্রান্সমিশন সম্ভব- ব্যাখা কর।**

**গ. জিনির তৈরি নেটওয়ার্কে কোন ধরনের ডাটা ট্রান্সমিশন মোড ব্যবহার হবে? সচিত্র ব্যাখা কর।**

**ঘ.কোন নির্দিষ্ট টপোলজি ব্যবহার করে জিনির তৈরি নেটওয়ার্কটি বাস্তবায়ন করা সম্ভব কি?সচিত্র মতামত বিশ্লেষণ কর।**

প্রশ্ন-৩ : $X = (৯F.৬C)_{১৬}$ $Y = (২৭৬.৩৬)_{৮}$


**ক. ২- এর পরিপূরক কি?**

**খ. দশমিক ও বাইনারি সংখ্যা পদ্ধতির পার্থক্য লিখ।**

**গ. উদ্দীপকের সংখ্যাদ্বয়কে বাইনারিতে প্রকাশ কর।**

**ঘ. Z যদি X ও Y এর যোগফল হয়, তাইলে $(Z)_{১৬}$ এর মান কিভাবে নির্ণয় করবে- ব্যাখা কর।**

প্রশ্ন-৪ :




চিত্র: ১

$$\overline{A}C + \overline{B}C/(\overline{A} + \overline{B}) + C$$

চিত্র: ২


**ক. সংখ্যা পদ্ধতি কি?**

**খ. চিহ্নযুক্ত সংখ্যা বলতে কি বুঝ-ব্যাখা দাও।**

**গ. চিত্র-১ এর লজিক সার্কিটির আউটপুট সরলীকরণ কর।**

**ঘ. চিত্র-২ এর মত ফলাফল আনতে চিত্র-১ এ কি ধরণের পরিবর্তন আনতে হবে বিশ্লেষণ কর।**

প্রশ্ন-৫ :




**ক.ওয়েব এড্রেস কি?**

**খ. ওয়েব স্ট্রাকচার বলতে কি বুঝ?**

**গ. উপরের ওয়েব পেইজটি তৈরি করতে প্রয়োজনীয় html কোড ব্যাখাসহ লিখ।**

**ঘ. উদ্দীপকের ওয়েবসাইটটি ডায়নামিক না স্ট্যাটিক?যুক্তিসহ মতামত বিশ্লেষণ কর।**

## চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## দ্বাদশ শ্রেণির মূল্যায়ন পরীক্ষা-২০২১
বিষয় ঃ সমাজবিজ্ঞান ২য় পত্র

পূর্ণমান-৭০

নিচের সকল প্রশ্নের উত্তর দাও :

(১) ১৮৩৯ সালে ফ্রান্সে একটি বিজ্ঞানের জন্ম হয় কিন্তু বাংলাদেশে এর যাত্রা শুরু হয় ১৯৫৭ সালে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপকের কঠোর পরিশ্রমের ফলে ঐ বিষয়টির সূত্রপাত হয়। আর এ জন্য ঐ ব্যক্তিকে বাংলাদেশের সমাজবিজ্ঞানের অগ্রদূতও বলা হয়। বাংলাদেশের সমাজ সর্ম্পকে গভীরভাবে জানতে ও সমৃদ্ধশালী দেশ গড়তে ঐ বিষয়টির জ্ঞান বিশেষ ভূমিকা পালন করবে বলে মনে করা হয়।

**ক। ঢাকা বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞানের প্রথম বিভাগীয় প্রধানকে ছিলেন?**

**খ। সমাজবিজ্ঞানের চর্চা বলতে কি বুঝ ?**

**গ। সমাজবিজ্ঞানের বিকাশে উদ্দীপকে উল্লিখিত অধ্যাপকের অবদান মূল্যায়ন কর।**

**ঘ। বাংলাদেশের সমাজ গড়তে সমাজবিজ্ঞানের জ্ঞান কতোটুকু সাহায্য করবে ? ব্যাখ্যা কর।**

(২) বাংলাদেশে রয়েছে অনেক ক্ষুদ্র-নৃগোষ্ঠী। এদের জীবন নানা বৈচিত্র্যে ভরপুর। পার্বত্য চট্টগ্রামে বাস করে এমন একটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর ভাষার ৮০ ভাগই বাংলা শব্দ। এ জন্য এদের ভাষাকে a dialect of bangle বলা হয়। অন্যদিকে ময়মনসিংহে বসবাসরত যে ক্ষুদ্র নৃগোষ্ঠী রয়েছে তাদের ভাষার নাম মান্দি ভাষা।

**ক। সাংসারেক কী ?**

**খ। চাকমা সমাজের গঠন কাঠামো লিখ।**

**গ। উদ্দীপকে উল্লিখিত ক্ষুদ্র নৃগোষ্ঠীর অর্থনৈতিক কর্মকান্ড ব্যাখ্যা কর।**

**ঘ। উদ্দীপকে উল্লিখিত ক্ষুদ্র নৃগোষ্ঠী দুটির বিবাহ ও পরিবার ব্যবস্থা সম্পূর্ণ বিপরীত- উক্তিটির যথার্থতা যাচাই কর।**

(৩) এটি এমন একটি ঘটনা যা বাঙ্গালির মুক্তির সনদ বা ম্যাগনাকার্টা চুক্তি নামে পরিচিত। এই ঘটনার গুরুত্ব বোঝাতে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান বলেন এটি আমাদের বাঁচা মরার দাবী।

**ক। ঢাকার রেসকোর্স ময়দানের বর্তমান নাম কী?**

**খ। জাতীয়তাবাদ কী ?**

**গ। উদ্দীপকে উল্লিখিত কোন ঘটনাকে নির্দেশ করা হয়েছে ? ব্যাখ্যা কর।**

**ঘ। উদ্দীপকে উল্লিখিত ঘটনা বাঙ্গালি জাতির মুক্তির সনদ ছিল। তুমি কি একমত ? বিশ্লেষণ কর।**

(৪) জনাব নজরুল উচ্চ মাধ্যমিক শ্রেণীর সমাজবিজ্ঞান ক্লাসে একটি অধ্যায় পড়াতে গিয়ে বলেন- আজকে আমি কতগুলো সালের কথা বলবো যার সাথে একজন নেতা ও একটি জাতির মুক্তির আন্দোলনের বিভিন্ন ঘটনা জড়িয়ে আছে। এ সময় তিনি ১৯৫২, ১৯৬৬, ১৯৬৯ ও ১৯৭১ সালের কথা বলেন এবং সেগুলোকে ব্যাখ্যা করেন। ক্লাস শেষে শিক্ষার্থীরা বলল, "সত্যি! উক্ত জাতির মুক্তি ও সালগুলো পরস্পর জড়িয়ে আছে"।

**ক। কোনটিকে বাঙালি জাতির মুক্তির সনদ বলা হয়?**

**খ। "বাঙ্গালি জাতীয়তাবাদের ভিত্তি ভাষা আন্দোলনের মাঝে নিহিত ছিল- ব্যাখ্যা কর।**

**গ। উদ্দিপকে কোন নেতার দিকে ইঙ্গিত দেয়া হয়েছে ?ব্যাখ্যা কর।**

**ঘ। উদ্দিপকে "উক্ত জাতির মুক্তি ও সালগুলো পরস্পর জড়িয়ে আছে"-বিশ্লেষণ কর।**

(৫) প্রবাসী কমল দীর্ঘদিন পর গ্রামে ফিরে এসে অবাক হয়ে যান। গ্রামে ঘরে ঘরে বিদ্যুতের ব্যবহার হচ্ছে। ডিশ এন্টেনার কারণে গ্রামের মানুষ বিশ্বের বিভিন্ন দেশের অনুষ্ঠান উপভোগ করছে । মেয়েরা বিদ্যালয় ও কলেজে যাচ্ছে । গ্রামের অনেকেই সরকারি ও বেসরকারি সংস্থায় কাজ করছে। কৃষকরা ঘরে বসেই কৃষির বিভিন্ন তথ্য জানতে পারছে মোবাইলে রমাধ্যমে।

**ক। Globalization শব্দের বাঙলা প্রতিশব্দকী?**

**খ। জেন্ডার ধারনাটি সামাজিক- ব্যাখ্যাকর।**

**গ। উদ্দীপকে গ্রামীণ সমাজের পরিবর্তন কিসের ইঙ্গিত করে? ব্যাখ্যা কর।**

**ঘ। উদ্দিপকের গ্রামের মানুষের পেশা পরিবর্তনের কারণ বিশ্লেষণ করো।**

(৬) সম্প্রতি হাশিম সাহেব প্রকৃতিতে বিভিন্ন অনিয়ম লক্ষ্য করছেন। যেমন- বর্ষাকাল দেরিতে আসছে, গ্রীষ্মকাল দীর্ঘতর হচ্ছে। শীতকালেও গরম আবহাওয়া অনুভূত হচ্ছে। হাশিম সাহেব মনে করেন, এ সকল কারনেই প্রতিবছর বন্যা-ঘূর্ণিঝড়সহ নানারকম দুর্যোগের সৃষ্টি হচ্ছে। তাই তিনি এ ব্যাপারে জনসচেতনতা বাড়ানোর জন্য প্রচারনার প্রয়োজনীতা অনুভব করেন।

**ক। বাংলাদেশের এক নম্বর জাতীয় সমস্যা কী?**

**খ। নারীর সামাজিক নিরাপত্তা সমস্যা কী ?**

**গ। উদ্দিপকে উল্লিখিত দুর্যোগের কারন গুলো ব্যাখ্যা কর।**

**ঘ। এ ধরনের দুর্যোগ বাংলাদেশে কী প্রভাব ফেলবে ব্যাখ্যা কর।**

(৭) অনিক পরিবারের বড় সন্তান হওয়ায় লেখাপড়া না করে সংসারের হাল ধরতে হয়। এ অবস্থায় পরিবার পরিচালনার জন্য তাকে সপ্তম শ্রেণী পড়ুয়া মোনালিকে বিয়েকরতে হয়। অথচ বাংলাদেশে ছেলেদের বিয়ের বয়স ২১ ও মেয়েদের বিয়ের বয়স ১৮ বছর। তাদের ক্ষেত্রে উক্ত বিষয়টি প্রযোজ্য হয়নি।

**ক। NGO এর পূর্ণরূপ কী?**

**খ। কাম্য জনসংখ্যা বলতে কী বুঝ?**

**গ। উদ্দিপকে উল্লিখিত অনিক-মোনালির পরিবার কোন সামাজিক সমস্যায় জর্জরিত ? ব্যাখ্যাকর।**

**ঘ। উদ্দিপকে উল্লিখিত পরিবারের সংখ্যা দিনদিন বৃদ্ধি পাচ্ছে, তুমি কি একমত? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও।**

# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## দ্বাদশ শ্রেণির মূল্যায়ন পরীক্ষা-২০২১
বিষয় ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ২য় পত্র

পূর্ণমান-৭০

নিচের সকল প্রশ্নের উত্তর দাও :

১. জনাব মজিদ সুরমা কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক। তিনি প্রতিষ্ঠানের জন্য দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন ছাড়াও বিভিন্ন ধরণের নীতি ও কৌশল নির্ধারণ করেন। অন্যদিকে, জনাব সাহেদ উক্ত প্রতিষ্ঠানের একজন ফোরম্যান। তিনি প্রতিষ্ঠানটির কারখানায় শ্রমিকদের কার্যক্রম দেখাশোনার দায়িত্বে নিয়োজিত।

**(ক) ব্যবস্থাপনার চিন্তাধারা উন্নয়নে থমাস মুর কর্তৃক রচিত গ্রন্থের নাম কি?**

**(খ) ব্যবস্থাপনার বিভিন্ন কাজের সাথে যে ৬টি মানবীয় ও বস্তুগত উপকরণ সম্পৃক্ত সেগুলো কি কি? ব্যাখ্যা কর।**

**(গ) উদ্দীপকে জনাব সাহেদ কোন স্তরের ব্যবস্থাপক? ব্যাখ্যা কর।**

**(ঘ) 'জনাব মজিদের শারীরিক পরিশ্রমের চেয়ে মানসিক পরিশ্রম বেশি' - তুমি কি একমত? যুক্তিসহ বিশ্লেষণ কর।**

২. আশা লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব আশরাফ কোম্পানির লক্ষ্য অর্জনের জন্য বিভিন্ন পদক্ষেপ নিয়ে থাকেন। কর্মীরা যাতে তাদের কাজ এবং যোগ্যতা অনুসারে বেতন পায় তিনি সেদিকে লক্ষ্য রাখেন। প্রতিষ্ঠানের মূল সিদ্ধান্তগুলো তিনি গ্রহণ করেন এবং অপেক্ষাকৃত কম গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার দায়িত্ব অধস্তনদের উপর দিয়ে থাকেন।

**(ক) উদ্যোগের নীতি কি?**

**(খ) আদর্শ ব্যবস্থাপকের কোন দক্ষতা তাকে মানুষের সাথে মিশতে সহায়তা করে? ব্যাখ্যা কর।**

**(গ) উদ্দীপকের প্রতিষ্ঠানে কাজ এবং যোগ্যতা অনুসারে বেতন বলতে ব্যবস্থাপনার কোন নীতির কথা বলা হয়েছে? আলোচনা কর।**

**(ঘ) উদ্দীপকে জনাব আশরাফের সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতি কি তুমি সমর্থন কর? তোমার মতামত বিশ্লেষণ কর।**

৩. বৈশাখী কোম্পানির উৎপাদন ব্যবস্থাপক জনাব বশির বিক্রয় বৃদ্ধির জন্য ৫ বছর মেয়াদি একটি পরিকল্পনা করতে চান। এজন্য তিনি প্রতিষ্ঠানের অভ্যন্তরীন শক্তি ও দুর্বলতা নিয়ে চিন্তা করেছেন । বাস্তব অবস্থা এবং ভবিষ্যৎ সুবিধা অসুবিধা সর্ম্পকে ধারণা গ্রহণ করে তিনি উৎপাদন বিগত বছরের তুলনায় ১৫% বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছেন।

**(ক) স্ট্র্যাটেজিক লক্ষ্য কি?**

**(খ) উদ্দেশ্য এবং পরিকল্পনার মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর।**

**(গ) উদ্দীপকে বৈশাখীর কোম্পানির বিক্রয় বৃদ্ধির পরিকল্পনাটি কোন ধরণের পরিকল্পনা? ব্যাখ্যা কর।**

**(ঘ) উদ্দীপকে জনাব বশির পরিকল্পনার যে পদক্ষেপগুলো গ্রহণ করেছেন সেগুলোর গুরুত্ব বর্ণনা কর।**

৪. জামাল ও কামাল দুটি ভিন্ন প্রতিষ্ঠানের মালিক। জামালের প্রতিষ্ঠানের কর্মীরা তার প্রত্যক্ষ তত্ত্বাবধান ও নিয়ন্ত্রনে থেকে কার্যসম্পাদন করে। কামাল প্রতিষ্ঠানের বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণের কাজে তাকে সাহায্য করার জন্য একজন বিশেষজ্ঞ ব্যক্তিকে নিয়োগ দেন। বছর শেষে দেখা গেল কামালের প্রতিষ্ঠানটি তুলনামূলকভাবে বেশি মুনাফা অর্জন করেছে।

**(ক) কোন ব্যবস্থাপনা বিশারদ সরলরৈখিক সংগঠনকে আমলাতান্ত্রিক সংগঠনের সাথে তুলনা করেছেন?**

**(খ) কমিটির সীমাবদ্ধতা বর্ণনা কর।**

**(গ) উদ্দীপকে জামালের প্রতিষ্ঠানের সংগঠন কাঠামো কোনটি? ব্যাখ্যা কর।**

**(ঘ) উদ্দীপকে কামালের প্রতিষ্ঠানটি বেশি লাভজনক হওয়ার কারণ বিশ্লেষণ কর।**

৫. আলফা কেমিক্যালস নামের একটি প্রতিষ্ঠান কিছু কর্মী নিয়োগের জন্য বাংলাদেশ জবস ডট কম নামক ওয়েবসাইটে চাকরির বিজ্ঞপ্তি প্রদান করলো। প্রতিষ্ঠানটি যোগ্য প্রার্থী নিয়োগের জন্য প্রথমে লিখিত এবং পরে মৌখিক পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

**(ক) ওয়ার্কশপ কি?**

**(খ) কর্মীদের কেন প্রশিক্ষণ দেওয়া হয়? ব্যাখ্যা কর।**

**(গ) উদ্দীপকে আলফা কেমিক্যালস কোন ধরণের উৎস থেকে কর্মী সংগ্রহ করছে? ব্যাখ্যা কর।**

**(ঘ) কর্মী নির্বাচনের ক্ষেত্রে আলফা কেমিক্যালস এর গৃহীত সিদ্ধান্ত কতটুকু যৌক্তিক? বিশ্লেষণ কর।**

৬. মধুমতি কোম্পানির মালিক জনাব হাসেম ২০ বছর ব্যবসা পরিচালনার পর প্রতিষ্ঠানের দায়িত্ব তার বড় ছেলে কাসেমের উপর অর্পন করেন। জনাব হাসেম প্রয়োজনে কর্মীদের বকা ঝকা করতেন আবার তাদের খোঁজ খবর নিতেন এবং বিপদে আপদে পাশে থাকতেন। কিন্তু জনাব কাসেম অফিসে দুই একঘন্টার জন্য এসে কর্মীদের হাতে কাজের ভার দিয়ে সারাদিন বন্ধুদের সাথে সময় কাটান। বছর যেতে না যেতে ব্যবসায়ের অবস্থা খারাপ হতে থাকে।

**(ক) নেতৃত্বের দূরদর্শিতা কি?**

**(খ) নেতৃত্ব বিকাশের সমস্যা বলতে কি বুঝ?**

**(গ) উদ্দীপকে জনাব হাসেমের নেতৃত্ব কি রকম ছিল? ব্যাখ্যা কর।**

**(ঘ) উদ্দীপকে জনাব কাসেমের নেতৃত্বে কি ধরণের পরিবর্তন আনা উচিত? তোমার মতামত দাও।**

৭. রেড রোজ কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মিস তাসনিম তার প্রতিষ্ঠানের ২০২০ সালের ১ম ছয় মাসের জন্য বিগত বছরের তুলনায় ৫০% উৎপাদন বৃদ্ধির লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছিলেন। জুন মাস শেষে দেখা গেল গত ছয় মাসে উৎপাদন হয়েছে যথাক্রমে ২০০০, ২৫০০, ১৫০০, ২০০০, ১৫০০ এবং ৩০০০ একক। ২০১৯ সালের মোট উৎপাদন ছিল ২০,০০০ একক। উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তিনি কর্মীদের প্রশিক্ষণ প্রদান এবং আধুনিক একটি মেশিন স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন।

**(ক) দক্ষতার নীতি কি?**

**(খ) নিয়ন্ত্রণ হলো পরবর্তী পরিকল্পনার ভিত্তি - ব্যাখ্যা কর।**

**(গ) উদ্দীপকের তথ্য অনুসারে বিচ্যুতির পরিমাণ নির্ণয় কর।**

**(ঘ) 'রেড রোজ কোম্পানিতে নিয়ন্ত্রণের ধাপগুলো সঠিকভাবে অনুসরণ করা হয়েছে' - তুমি কি একমত? যুক্তিসহ উত্তর দাও।**

## চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## দ্বাদশ শ্রেণির মূল্যায়ন পরীক্ষা-২০২১
বিষয় ঃ উচ্চতর গণিত ২য় পত্র

পূর্ণমান-৫০

প্রত্যেক প্রশ্নের উত্তর দিতে হবে :

১। $f(x) = x^2 + ax + 6a$

$g(x) = 2x^3 - 9x^2 + 5x + 3$


$h(x) = 3x^3 - 26x^2 + 52x - 24$

(ক) $a$ এর মান কত হলে $f(x) = 0$ সমীকরণের মূলদ্বয় বাস্তব ও সমান হবে?

(খ) $g(x) = 0$ সমীকরণের মূলত্রয় $3, \alpha, \beta$ হলে $\frac{5\alpha}{\beta}$ ও $\frac{5\beta}{\alpha}$ মূলবিশিষ্ট সমীকরণ নির্ণয় কর।

(গ) $h(x) = 0$ সমীকরণটি সমাধান কর যখন সমীকরণটির মূলগুলি গুণোত্তর প্রগমনভূক্ত হয়।

২।




(ক) $y = mx + c$ রেখাটি $y^2 = 4bx$ পরাবৃত্তকে স্পর্শ করার শর্ত নির্ণয় কর।

(খ) পরাবৃত্তটির সমীকরণ নির্ণয় কর।

(গ) পরাবৃত্তটির অক্ষরেখা ও উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য নির্ণয় কর।

৩। (i) $\frac{x^2}{m^2} + \frac{y^2}{n^2} = 1$ একটি কণিকের সমীকরণ যেখানে $m > n$.

(ii) $4x^2 + 5y^2 - 16x + 10y + 1 = pxy$.

(ক) $4y^2 - 5x^2 = 1$ কণিকটির উৎকেন্দ্রিকতা নির্ণয় কর।

(খ) (i)নং কণিকটির $e = 1/3$ এবং উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য 4 হলে $m^2 - n^2$ নির্ণয় কর।

(গ) P ত্রয় মান কত হলে (ii) নং সমীকরণ একটি কণিক নির্দেশ করবে। সেই ক্ষেত্রে ইহার উপকেন্দ্রের কসাংক, দিকাক্ষের সমীকরণ এবং উপকেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব নির্ণয় কর।

৪। (i) $\tan\frac{\theta}{2} = \sqrt{\frac{a-b}{a+b}} \tan\frac{x}{2}$

(ii) $a\sin x + b\cos x = \sqrt{a+b}$


(ক) $\sin^{-1}\frac{1}{2}$ এর $\tan^{-1}(-1)$ ত্রয় মুখ্য মান নির্ণয় কর।

(খ) (i) নং হতে প্রমাণ কর যে, $\theta = \cos^{-1}\frac{b + a\cos x}{a + b\cos x}$

(গ) (ii) নং হতে $a = b = 1$ হলে সমাধান কর যখন $-\pi < x < \pi$.

৫। দৃশ্যকল্প-১ : $F_1$ ও $F_2$ বলদ্বয় যথাক্রমে একটি হেলানো তলের দৈর্ঘ্য ও ভূমির সমান্তরালে ক্রিয়াশীল থেকে প্রত্যেকে এককভাবে তলের উপরস্থ 5 kg ওজনের একটি বস্তুকে ধারণ করতে পারে।

দৃশ্যকল্প-২ :




(ক) একটি বিন্দুতে পরস্পর $120°$ কোণে ক্রিয়াশীল P মানের তিনটি সমান বলত্রয়ের লব্ধি নির্ণয় কর।

(খ) দৃশ্যকল্প-১ হতে $F_1$ ও $F_2$ এর মধ্যে সম্পর্ক নির্ণয় কর।

(গ) P ও Q পরস্পর অবস্থান বিনিময় করলে লব্ধির ক্রিয়া বিন্দুর সরণ নির্ণয় কর।

# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## দ্বাদশ শ্রেণির মূল্যায়ন পরীক্ষা-২০২১

বিষয় ঃ অর্থনীতি ২য় পত্র

পূর্ণমান-৭০

**সকল প্রশ্নের উত্তর প্রদান করতে হবে ঃ**

১। বাংলাদেশের অর্থনীতিতে কৃষিখাতের একটি অন্যতম উপখাত হলো মৎস্য। মাছ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে প্রাণিজ আমিষ সরবরাহ বাড়ানো যায়। যা, মানবদেহের জন্য অতীব গুরুত্বপূর্ণ। বাংলাদেশের অর্থনীতিতে মৎস্য বিপুল সম্ভাবনাময় খাত। প্রাকৃতিক ও চাষের মাছ মিলিয়ে সার্বিকভাবে মাছ উৎপাদনে বাংলাদেশ বিশ্বে চতুর্থ। এ খাতকে আরো শক্তিশালী করার জন্য সরকার সমাজভিত্তিক মৎস্য চাষ কার্যক্রম সম্প্রসারণ ও জোরদারকরণ খাস জলাশয়ে মৎস্যজীবীদের প্রবেশাধিকার নিশ্চিৎকরণ অভয়াশ্রম সৃষ্টি, নদী পুনঃখনন গবেষণার মাধ্যমে উন্নত প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণসহ বিভিন্ন ধরনের কার্যক্রম গ্রহণ করেছে। দেশের জনগণের আমিষের চাহিদাপূরণ, কর্মসংস্থান সৃষ্টি, দরিদ্র বিমোচন ও বৈদেশিক মুদ্রা অর্জনে মৎস্য সম্পদের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে।

**(ক) উফশী প্রযুক্তি কী?** ১

**(খ) "কৃষক এবং ভোক্তা উভয়ই তাদের ন্যায্য দাম প্রাপ্তি থেকে বঞ্চিত" ।- ব্যাখ্যা কর।** ২

**(গ) বাংলাদেশে মৎস্য সম্পদের উন্নয়নে সরকার গৃহীত কার্যক্রমগুলো উদ্দীপকের আলোকে চিহ্নিত কর এবং কিছু উপায় সুপারিশ কর।** ৩

**(ঘ) "আমিষের চাহিদা পূরণ, কর্মসংস্থান সৃষ্টি, দরিদ্র বিমোচন ও বৈদেশিক মুদ্রা অর্জনে মৎস্য খাতের অবদান অনস্বীকার্য" ।- ব্যাখ্যা কর।** ৪

২। অর্থনীতি বিষয়ের শিক্ষক মি. আজিজুল ইসলাম শ্রেণিকক্ষে বাংলাদেশের শিল্প কাঠামোর উপর আলোচনা করতে গিয়ে বলেন, ব্রিটিশ সরকার এবং পাকিস্তান সরকারের শোষণ এবং অবহেলায় আমাদের শিল্প কাঠামো অনুন্নত ও দুর্বল রয়ে গেছে। বৃহদায়তন শিল্প তখন গড়ে ওঠেনি এবং কুটির শিল্প গুলো ধ্বংসের দ্বারপ্রান্তে পোঁছে ছিল। বাংলাদেশ সরকারের ১৯৭২ সালে বৃহদায়তন শিল্প জাতীয়করণ, ১৯৭৩ সাল থেকে ২০০৫ সালের মধ্যে শিল্প নীতি সমূহ গ্রহণ শিল্পায়নে কিছুটা গতি আনলেও শিল্প খাতে অব্যাহত ও টেকসই প্রবৃদ্ধি পুরোপুরি অর্জিত হয়নি। অবশ্য বর্তমান সরকার গৃহীত শিল্প নীতি-২০১০ এবং শিল্প নীতি-২০১৬ দেশের শিল্পায়নকে বেগবান করে ও শিল্প খাতে প্রবৃদ্ধি ত্বরান্বিত করে।

**(ক) বাংলাদেশের শিল্পখাতে চারটি উপখাতের নাম লিখ।** ১

**(খ) "আমদানি বিকল্পায়ন শিশু শিল্প সুরক্ষা দেয় এবং বৈদেশিক বাণিজ্য ঘাটতি হ্রাস করে" ।-ব্যাখ্যা কর।** ২

**(গ) উদ্দীপকের আলোকে বাংলাদেশ সরকার কর্তৃক স্বাধীনতার পর থেকে ২০১৬ সাল পর্যন্ত সময়ে গৃহীত শিল্প নীতিসমূহ ধারাবাহিকভাবে লিখ।** ৩

**(ঘ) উদ্দীপকে উল্লিখিত শিল্প নীতি-২০১০ এবং শিল্প নীতি-২০১৬ এর প্রধান বৈশিষ্ট্যসমূহ লিখ।** ৪

৩। রহিম উদ্দিন ও লোকমান শেখ উভয়ই জয়পুর হাট জেলার কৃষক। রহিম উদ্দিনের খামারের আয়তন ছোট হওয়ায় স্বল্প পরিমাণে ফসল উৎপাদন হয়, যা পারিবারিক চাহিদা মেটাতেই শেষ হয়ে যায়। অন্যদিকে লোকমান শেখের খামারের আয়তন বড় হওয়ায় তিনি পরিবারের চাহিদা পূরণ করে উদ্বৃত্ত ফসল বাজারজাত করে মুনাফা অর্জন করেন এবং স্বচ্ছলভাবে জীবন যাপনে সক্ষম হন।

**(ক) শস্য বহুমুখীকরণ কী?** ১

**(খ) "প্রযুক্তি কৃষিতে উৎপাদনের গতি বাড়িয়ে দিয়েছে" ।-ব্যাখ্যা কর।** ২

**(গ) রহিম উদ্দিনের খামার কোন প্রকৃতির? যুক্তিসহ ব্যাখ্যা কর।** ৩

**(ঘ) রহিম উদ্দিন ও লোকমান শেখের খামারের বৈশিষ্ট্যগত বৈসাদৃশ্য তুলে ধরো।** ৪

৪। তৈরি পোশাক বাংলাদেশের অর্থনীতিতে প্রধান বৈদেশিক মুদ্রা অর্জনকারী শিল্প। দেশের রফতানি আয়ে এ শিল্পের ঈষর্নীয় অবদান রয়েছে। দেশের প্রায় অর্ধ কোটি শ্রমিক এ শিল্পে নিয়োজিত। কিন্তু এ শিল্পে নানান সমস্যা বিরাজমান রয়েছে। মূলধন স্বল্পতা, শ্রমিকের অদক্ষতা, কাঁচামাল ও ঋণের অপর্যাপ্ততা, বৈশ্বিক প্রতিযোগিতা, দূর্বল অবকাঠামো সমস্যাবলির মধ্যে উল্লেখযোগ্য।

**(ক) কুটির শিল্প কী?** ১

**(খ) 'স্বনির্ভরতা অর্জনে শিল্পায়ন জরুরি' ।-ব্যাখ্যা কর।** ২

**(গ) উদ্দীপকের ভিত্তিতে তৈরি পোশাক শিল্পের ভবিষ্যৎ সম্ভাবনা বিষয়ে আলোকপাত কর।** ৩

**(ঘ) 'সম্ভাবনার পাশাপাশি তৈরি পোশাক শিল্পে নানাবিধ সমস্যা রয়েছে' ।-উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর।** ৪

৫। 'A' দেশের আয়তন ১,৪৭,৫৭০ বর্গ কিলোমিটার। ১৯ জুন, ২০২১ এ দেশটির জনসংখ্যা ছিল ১৬,৬২,৬৬,৯২৫ জন। জনবহুল এই দেশটির সরকার নারী শিক্ষার প্রসার, নারীর ক্ষমতায়ন, জনসংখ্যা বিষয়ক শিক্ষা দান, মাতৃস্বাস্থ্য উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে।


**(ক) স্থুল জন্মহার কী?** ১

**(খ) জনসংখ্যা বৃদ্ধি মাথাপিছু আয় এবং জীবনযাত্রার মানকে প্রভাবিত করে-ব্যাখ্যা কর।** ২

**(গ) 'A' দেশের জনসংখ্যার ঘনত্ব নির্ণয় কর।** ৩

**(ঘ) উদ্দীপকের আলোকে জনসংখ্যা নিয়ন্ত্রণে দেশটির সকার কর্তৃক গৃহীত উদ্যোগ সমূহের কার্যকারিতা বিশ্লেষণ কর।** ৪

৬।




**(ক) আত্মকর্মসংস্থান কী?** ১

**(খ) শিক্ষা ও প্রযুক্তির প্রসার মানব সম্পদ উন্নয়নে সহায়ক-ব্যাখ্যা কর।** ২

**(গ) 'B' এবং 'D' বিন্দুতে অসামঞ্জস্যের পরিমাণ নির্ণয় কর।** ৩

**(ঘ) 'B', 'C' এবং 'D' বিন্দুর মধ্যে কোনটি বাংলাদেশের জনসংখ্যার সাথে অধিকতর সামঞ্জস্যপূর্ণ ব্যাখ্যা কর।** ৪

৭। বাংলাদেশে কাঁচাপাট, চা, তৈরি পোশাক, হিমায়িত খাদ্য, চামড়া, কাগজ, সার সিরামিক সামগ্রী রপ্তানি করে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন করে। রপ্তানি বাণিজ্যের উন্নয়নে সরকার বিভিন্ন দেশের সাথে বাণিজ্য চুক্তি সম্পাদন, দেশের পরিবহন ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, রপ্তানিমুখী শিল্পের প্রয়োজনীয় কাঁচামাল আমদানি সহজতর এবং রপ্তানিকারকদের স্বল্প সুদে প্রয়োজনীয় পরিমাণ ঋণের ব্যবস্থাসহ নানাবিধ পদক্ষেপ গ্রহণ করেছে।

**(ক) আন্তর্জাতিক বাণিজ্য কী?** ১

**(খ) বিশ্বায়ন উপকরণের গতিশীলতা এবং অধিক উৎপাদনে সহায়ক-ব্যাখ্যা কর।** ২

**(গ) উদ্দীপকের আলোকে বাংলাদেশের প্রচলিত ও অপ্রচলিত রপ্তানি পণ্যের তালিকা তৈরী কর।** ৩

**(ঘ) রপ্তানি বাণিজ্যের উন্নয়নে উদ্দীপকে বর্ণিত সরকারের পদক্ষেপসমূহ যথেষ্ট কিনা ব্যাখ্যা কর।** ৪

## চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম

## দ্বাদশ শ্রেণির মূল্যায়ন পরীক্ষা-২০২১

বিষয় ঃ পদার্থবিজ্ঞান ২য় পত্র

পূর্ণমান-৫০

সকল প্রশ্নের উত্তর প্রদান করতে হবে ঃ

১। প্রমাণ তাপমাত্রা ও চাপে 1 মোল কার্বন-ডাই-অক্সাইড একটি পাত্রের অর্ধেক অংশে আবদ্ধ আছে। পরবর্তীতে পাত্রের মাঝের অংশ খুলে দিলে গ্যাসটি সমোষ্ণ প্রক্রিয়ায় প্রসারিত হয়।

(ক) পরিবহন ব্যান্ড কী? ১

(খ) **P-n** জাংশন ডায়োডের **I-V** বৈশিষ্ট্য লেখ কী রূপ ব্যাখ্যা কর। ২

(গ) যদি গ্যাসটি রূদ্ধতাপীয় প্রকৃয়ায় প্রসারিত হয় তাহলে চুড়ান্ত তাপমাত্রা কত হবে? ৩

(ঘ) উদ্দীপকের প্রক্রিয়ায় গ্যাসকে প্রসারিত হতে দিলে ব্যবস্থার বিশৃঙ্খলা বৃদ্ধি পাবে কি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২। ইয়ং এর দ্বি-চিড় পরীক্ষায় 5000 A তরঙ্গদৈর্ঘ্যের আলো প্রয়োগ করা হলো। চিড়দ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 0.1 mm এবং চিড় হতে পর্দার দূরত্ব 2 m।


(ক) ১

(খ) তাপমাত্রা বৃদ্ধির সাথে অর্ধ-পরিবাহীর পরিবাহকত্ব বৃদ্ধি পায় কেন? ২

(গ) কেন্দ্রীয় উজ্জ্বল ডোরা হতে সপ্তম উজ্জ্বল ডোরার দূরত্ব নির্ণয় কর। ৩

(ঘ) সপ্তম উজ্জ্বল ডোরা এবং সপ্তম অন্ধকার ডোরার মধ্যকার কৌণিক অবস্থান তুলনা কর। ৪

৩।




(ক) কাল দীর্ঘায়ন কী? ১

(খ) পৃথিবীর তাপীয় মৃত্যু বলতে কী বুঝায়? ২

(গ) চিত্রে বর্তনীয় মূল তড়িৎ প্রবাহ নির্ণয় কর। ৩

(ঘ) চিত্রে বর্তনীয় কোষের সাথে সমমানের আরো দুইটি কোষকে সমান্তরাল সমবায়ে সংযুক্ত করলে মূল তড়িৎ প্রবাহের কিরূপ পরিবর্তন হবে, গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪

৪। ভূ-পৃষ্ঠে একটি রকেটের দৈর্ঘ্য 10 m এবং ভর 2000 kg। রকেটটি যখন পৃথিবীর সাপেক্ষে 0.2 C বেগে গতিশীল হলো তখন পৃথিবী থেকে আবার এর চলমান অবস্থার দৈর্ঘ্য পরিমাপ করা হলো।

(ক) তড়িচ্চালক বল কাকে বলে? ১

(খ) রেফ্রিজারেটর একটি তাপ ইঞ্জিনের বিপরীত যন্ত্র-ব্যাখ্যা কর। ২

(গ) উদ্দীপকের আলোকে রকেটের চলমান দৈর্ঘ্য কত? ৩

(ঘ) রকেটের বেগ দ্বিগুণ করা হলে এর গতিশক্তি চারগুণ হবে কি?-গাণিতিক বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৫। একটি কমন ইমিটর ট্রানজিস্টর এর ক্ষেত্রে কারেন্ট বিবর্ধন গুণক 0.95 এবং ইমিটর কারেন্ট 1 mA।

(ক) তাপগতিবিদ্যার ১ম সূত্র বিবৃত কর। ১

(খ) আলোর ব্যতিচারে সুসংগত আলোক উৎস ব্যবহার করা হয় কেন? ২

(গ) কারেন্ট গেইন কত হবে? ৩

(ঘ) যদি বেস কারেন্ট **0.15 mA** এবং কারেন্ট গেইন **100** হয় তবে কালেক্টর প্রবাহের মানের পরিবর্তন গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## দ্বাদশ শ্রেণির মূল্যায়ন পরীক্ষা-২০২১
বিষয় ঃ পৌরনীতি ও সুশাসন ২য় পত্র

পূর্ণমান-৭০

**প্রত্যেক প্রশ্নের উত্তর দিতে হবে :**

১। ভারতবর্ষ শাসনের এক পর্যায়ে ব্রিটিশরা একটি আইন প্রণয়ন করে। উক্ত আইনে সর্বপ্রথম ভারতের প্রদেশগুলোতে স্বায়ত্বশাসনের কথা বলা হয়। এই আইনে সর্বভারতীয় যুক্তরাষ্ট্র, কেন্দ্রে দ্বৈত শাসন ও যুক্তরাষ্ট্রীয় আদালতের কথা বলা হয়।

(ক) দ্বৈত শাসন কাকে বলে? ১

(খ) দ্বিজাতী তত্ত্ব বলতে কি বুঝ? ২

(গ) উদ্দীপকে উল্লিখিত আইনের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন আইনের সাদৃশ্য আছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) উক্ত আইনে প্রবর্তিত প্রাদেশিক স্বায়ত্বশাসনের কার্যকারিতা মূল্যায়ন কর। ৪

২। দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন সময়ে ব্রিটিশ সরকার একটি ঔপনিবেশিক অঞ্চলের শাসনতান্ত্রিক অচলাবস্থা নিরসনের জন্য তাদের একজন মন্ত্রীর নেতৃত্বে কতগুলো সুনির্দিষ্ট প্রস্তাবসহ উক্ত অঞ্চলে পেশ করেন।

(ক) ৩রা জুন পরিকল্পনা কি? ১

(খ) লাহোর প্রস্তাবের মূল বক্তব্য কি ছিল? ২

(গ) উদ্দীপকে উল্লিখিত প্রস্তাবের সাথে তোমার পঠিত কোন প্রস্তাবের সাদৃশ্য রয়েছে। এর তিনটি বৈশিষ্ট্য লিখ? ৩

(ঘ) উক্ত প্রস্তাব গৃহীত না হওয়ার কারণগুলো বিশ্লেষণ কর। ৪

৩। উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও ঃ

'ক' রাষ্ট্রের পূর্ব অংশের জনগণ পশ্চিম অংশের দ্বারা নিয়ন্ত্রিত, শোষিত ও বঞ্চিত হচ্ছিল। পূর্ব অংশের জনগণ এর বিরুদ্ধে প্রতিবাদ ও প্রতিরোধ করতে থাকে। একপর্যায়ে তাদের নেতা শাসকদের কাছে দায়িত্বশীল সরকার ব্যবস্থা, পৃথক মুদ্রা এবং আরো কিছু দাবি সম্বলিত কর্মসূচি উত্থাপন করে।

(ক) কত তারিখে মুজিবনগর সরকার গঠিত হয়? ১

(খ) ছাত্রদের ১১ দফার গুরুত্বপূর্ণ দুটি দাবি উল্লেখ কর। ২

(গ) উদ্দীপকে বর্ণিত নেতার কর্মসূচির সাথে তোমার পঠিত বইয়ের কোন কর্মসূচির মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ে উক্ত কর্মসূচির ভূমিকা মূল্যায়ন কর। ৪

৪। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৩ মার্চ ১৯৭১ ঢাকার পল্টন ময়দানে ভাষণ দিতে গিয়ে বলেন- "আজ থেকে কলকারখানা, অফিস আদালত বন্ধ থাকবে, রেলগাড়ির চাকা বন্ধ থাকবে, খাজনা ট্যাক্স দেওয়া চলবে না।" এরই ধারাবাহিকতায় তিনি ৭ই মার্চ ১৯৭১ এর ভাষণে ঘোষণা করেন- 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।'

(ক) 'রাজনীতির কবি' বলে আখ্যায়িত করা হয়েছে কোন ব্যক্তিত্ব কে? ১

(খ) ১৬ ডিসেম্বরের তাৎপর্য লিখ? ২

(গ) উদ্দীপকে প্রথম অংশে বর্ণিত বঙ্গবন্ধুর ঘোষণার রাজনৈতিক গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

(ঘ) উদ্দীপকে প্রথম ও শেষ অংশে বর্ণিত বঙ্গবন্ধুর ঘোষণা কীভাবে পরস্পর সম্পর্কযুক্ত? ঐতিহাসিক ঘটনাবলির আলোকে বিশ্লেষণ কর। ৪

৫। অনিক রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা দিতে গিয়ে বাংলাদেশের একজন প্রাক্তন রাজনীতিবিদের নামে ছাত্রদের জন্য একটি আবাসিক হল দেখতে পায়। উক্ত হলের নামকরণ সম্পর্কে সেতার মামার কাছ থেকে জানতে পারল-

(i) উক্ত নেতা বেঙ্গল প্যাক্টের নেতা ছিলেন।

(ii) তিনি মুসলিম লীগের রাজনীতির সাথে জড়িত ছিলেন।

(iii) আওয়ামী মুসলিম লীগ প্রতিষ্ঠায় তাঁর অবদান ছিল।

(iv) গণতন্ত্রই ছিল তার জীবনের মূলমন্ত্র।

(v) ঐতিহাসিক রেসকোর্স ময়দান ও তার নামে নামকরণ করা হয়।

(ক) তিতুমীর কোন বিপ্লবী নেতার সান্নিধ্যে এসেছিলেন? ১

(খ) মুসলিম লীগের ৪টি বৈশিস্ট্য লেখ। ২

(গ) উদ্দীপকে বর্ণিত নেতার রাজনৈতিক অবদান ব্যাখ্যা কর। ৩

(ঘ) "তিনি ছিলেন গণতন্ত্রের মানসপুত্র"-বিশ্লেষণ কর। ৪

৬। 'ক' রাষ্ট্রের সংবিধানে রাষ্ট্র পরিচালনার মূলনীতি, নাগরিকদের মৌলিক অধিকার এবং শক্তিশালী মন্ত্রি পরিষদ গঠনের কথা বলা হয়েছে। আইনসভার সদস্যদের সাধারণ সংখ্যাগরিষ্ঠ ভোটে সংবিধান পরিবর্তনের ব্যবস্থা রাখা হয়েছে।

(ক) কত তারিখে বাংলাদেশের সংবিধান কার্যকর হয়? ১

(খ) বাংলাদেশ সংবিধানের দ্বাদশ সংশোধনীর মূল বিষয়বস্তু ব্যাখ্যা কর। ২

(গ) উদ্দীপকে উল্লিখিত সংবিধানে বাংলাদেশ সংবিধানের কোন বৈশিষ্ট্যগুলি প্রতিফলিত হয়নি? ব্যাখ্যা কর। ৩

(ঘ) 'ক' রাষ্ট্রের সংবিধান সংশোধন পদ্ধতির তুলনায় তোমার দেশের সংবিধান সংশোধন পদ্ধতি অধিকতর গ্রহণযোগ্য। উক্তিটির স্বপক্ষে তোমার মতামত দাও। ৪

৭। 'ক' পাঁচ বছর বয়সী একটি শিশু। তার চেহারা ও অবয়ব অন্য শিশুদের মতো। তার মধ্যে সীমাবদ্ধ কিছু কাজ বা আচরণের প্রবণতা লক্ষ করা যায়। সে অন্যদের তুলনায় একটু বেশি বা কম সংবেদনশীল।

(ক) দুর্নীতি কী? ১

(খ) বিশেষ চাহিদার জনগোষ্ঠী বলতে কী বোঝায়? ২

(গ) 'ক' কী ধরনের শিশু? ব্যাখ্যা কর। ৩

(ঘ) প্রয়োজনীয়তা সহযোগিতা পেলে 'ক' শিশুরাও একদিন সম্পদে পরিণত হবে-তুমি কী একমত? ৪

# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম


## দ্বাদশ শ্রেণির মূল্যায়ন পরীক্ষা-২০২১

বিষয় ঃ রসায়ন ২য় পত্র

পূর্ণমান-৫০

[নিচের উদ্দীপকগুলি মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও ঃ]

১।




(ক) কাইরাল কার্বন কি? ১

(খ) প্রোপেন ও বিউটেন পরস্পর সমগোত্রক কেন? ২

(গ) উদ্দীপকের I ও II নং পাত্রের গ্যাস দুটিকে III নং পাত্রে মিশ্রিত হতে দিলে গ্যাস মিশ্রনের মোট চাপ কত হবে? ৩

(ঘ) উদ্দীপকের I নং পাত্রের গ্যাসের জন্য স্থির তাপমাত্রায় উদ্দীপকের PV বনাম উদ্দীপকের P লেখচিত্র কিরূপ হবে? কারণসহ ব্যাখ্যা কর। ৪

২। রসায়নের একজন শিক্ষক ল্যাবে তাঁর সহকারিকে Fe লবণের একটি দ্রবণ তামার পাত্রে রাখতে বললে ল্যাব সহকারি ভুলক্রমে দ্রবণটি এলুমিনিয়ামের পাত্রে রাখল। Fe, Al ও Cu এর প্রমাণ বিজারণ বিভব যথাক্রমে -0.44, + 1.66 ও +0.337।

(ক) আদর্শ গ্যাস কি? ১

(খ) পানির BOD 10 PPM বলতে কি বুঝ? ২

(গ) উদ্দীপকের লবণের দ্রবণে 60 মিনিট ধরে 0.25 atm বিদ্যুৎ চালালে ক্যাথোডে কি পরিমাণ ধাতু জমা হবে? ৩

(ঘ) উদ্দীপকে উল্লিখিত দ্রবণ দীর্ঘদিন Al পাত্রে রাখা যাবে কি? ৪

৩। একটি ও কার্বন বিশিষ্ট এলকিন A, ওজোনোলাইসিস বিক্রিয়ায় দুটি যৌগ X এবং Y উৎপন্ন করে। X এর আণবিক ভর Y অপেক্ষা বেশি।

(ক) জারণ কি? ১

(খ) Ag এর তড়িৎ রাসায়নিক তুল্যাংক $0.001118\ gc^{-1}$ বলতে কি বুঝ? ২

(গ) উদ্দীপকে সংশ্লিষ্ট বিক্রিয়াগুলি লিখ। ৩

(ঘ) নিউক্লিওফিলিক সংযোজন বিক্রিয়ার ক্ষেত্রে X ও Y এর মধ্যে কোনটি বেশি সক্রিয় ব্যাখ্যা কর। ৪

৪।





(ক) আলোক সক্রিয় যৌগ কি? ১

(খ) $H_2O$ উভধর্মী-ব্যাখ্যা কর। ২

(গ) X থেকে P উৎপাদনের বিক্রিয়া কৌশলের ধাপগুলি লিখ। ৩

(ঘ) P থেকে Q যৌগের প্রতিস্থাপকের প্রকৃতি ভিন্ন। কিন্তু নাইট্রেশন বিক্রিয়ার ক্ষেত্রে এরা একই ধরনের নির্দেশক প্রভাব বিস্তার করে-ব্যাখ্যা কর। ৪

৫।




(ক) নার্নস্টের সমীকরণ কি? ১

(খ) $Na_2S_2O_3$ যৌগে S এর জারণ মান কত? ২

(গ) A পাত্রের দ্রবণকে 0.1 m দ্রবণে পরিণত করতে কি পরিমাণ পানি মিশাতে হবে? ৩

(ঘ) A ও B পাত্রের মিশ্রিত দ্রবণের প্রকৃতি কিরূপ হবে? গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম।

## দ্বাদশ শ্রেণির মূল্যায়ন পরীক্ষা-২০২১

### বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র

পূর্ণমান- ৭০

বিভিন্ন প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে লিখতে হবে।

ক-বিভাগ

১। হিমাদ্রী লিমিটেড

রেওয়ামিল

৩১ ডিসেম্বর,২০২০

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| পণ্য ক্রয় | ৭,৮০,০০০ | শেয়ার মূলধন (বিলিকৃত ও তলবকৃত ৬,০০০ শেয়ার প্রতিটি ১০০ টাকা) | ৬,০০,০০০ |
| পণ্য ফেরত | ৪,০০০ | | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৮০,০০০ | সাধারণ সঞ্চিতি | ৫৮,০০০ |
| পরিবহন | ৩৬,০০০ | প্রদেয় হিসাব | ৩০,০০০ |
| মজুরি | ৯৬,০০০ | বিক্রয় | ১১,৫০,০০০ |
| বেতন | ৬০,০০০ | প্রদেয় নোট | ৮,০০০ |
| মনিহারি | ৩০,০০০ | পণ্য ফেরত | ১০,০০০ |
| সরঞ্জাম | ২,২০,০০০ | অবচয় সঞ্চিতি-সরঞ্জাম | ১২,০০০ |
| কলকব্জা | ২,৮০,০০০ | অবচয় সঞ্চিতি-কলকব্জা | ৪০,০০০ |
| অনাদায়ী পাওনা | ৬,৪০০ | সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত | ৮,০০০ |
| প্রাপ্য হিসাব | ২,৩৯,০০০ | বিনিয়োগের সুদ | ৪,০০০ |
| আয়কর | ৬,০০০ | | |
| অর্ন্তর্বতীকালীন লভ্যাংশ | ৯,০০০ | | |
| ৮% বিনিয়োগ | ৬০,০০০ | | |
| অনাদায়ী তলব | ১৩,০০০ | | |
| | ১৯,২০,০০০ | | ১৯,২০,০০০ |

**সমন্বয়সমূহ :** ১. ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে মজুদ পণ্যের মূল্যায়ন করা হয়েছিল ১,৩২,০০০ টাকা কিন্তু পরবর্তীতে ২৫,০০০ টাকা পণ্য আগুনে বিনষ্ট হয়ে যায়। বিমা কোম্পানি ১৭,০০০ টাকা ক্ষতিপূরণ দিতে স্বীকৃত হয়েছে। ২. প্রারম্ভিক মজদের মধ্যে ৮,০০০ টাকার মনিহারি ক্রয় অন্তর্ভূক্ত আছে। মনিহারির অর্ধাংশ ব্যবহৃত হয়েছে। ৩. মুনাফাবিহীন বিক্রয়ের পরিমাণ ৪৮,৭০০ টাকা। ৪. সরঞ্জাম ও কলকব্জার ক্রমহ্রাসমান জের এর ওপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে। ৫. আদায়কৃত মূলধনের ১০% বার্ষিক লভ্যাংশ ঘোষণা করতে হবে। ৬. নিট লাভের ৮,০০০ টাকা সাধারণ সঞ্চিতি তহবিলে এবং ১১,০০০ টাকা লভ্যাংশ সমতাকরণ তহবিলে স্থানান্তর করতে হবে।

**ক) সরঞ্জাম ও কলকব্জার ওপর অবচয়ের পরিমাণ দেখাও।** ২

**খ) চলতি বছরের মোট লাভ নির্ণয় করো।** ৪

**গ) নিট লাভ ১,৭০,০০০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী তৈরি করো।** ৪

২। তাসমিয়া কোম্পানি লি. এর অনুমোদিত মূলধনের পরিমাণ ৪,০০,০০০ টাকা, যা প্রতিটি ১০০ টাকা মূল্যের ৪,০০০ শেয়ারে বিভক্ত। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল ছিল নিম্নরূপ-

তাসমিয়া কোম্পানি লি.

রেওয়ামিল

ডেবিট ৩১ ডিসেম্বর, ২০১৫ ক্রেডিট

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৯০,০০০ | শেয়ার মূলধন (প্রতিটি ১০০ টাকা মূল্যের ৩,০০০ শেয়ার) | ৩,০০,০০০ |
| কলকব্জা | ৯০,০০০ | | |
| বেতন (১০ মাস) | ২০,০০০ | অদাবিকৃত লভ্যাংশ | ২০,০০০ |
| বিমা সেলামি | ২০,০০০ | প্রদেয় হিসাব | ৯৮,৮০০ |
| চালানি কারবারে প্রেরিত পণ্য | ৩,০০০ | কমিশন প্রাপ্তি | ১,২০০ |
| | | ১০% ঋণপত্র (১-৭-২০১৫) | ৮০,০০০ |
| প্রাপ্য হিসাব | ১,৪০,০০০ | সংরক্ষিত আয় (১-১-২০১৫) | ৫২,০০০ |
| পরিচালকের সম্মানী | ৬,০০০ | বিক্রয় | ২,৭৫,০০০ |
| সাধারণ খরচাবলি | ৪,০০০ | ক্রয় ফেরত | ৫,০০০ |
| ভাড়া | ৭,২০০ | | |
| বিজ্ঞাপন খরচ | ৯,৪০০ | | |
| ব্যাংকে জমা | ৭২,৪০০ | | |
| ক্রয় | ১,৫০,০০০ | | |
| বিক্রয় ফেরত | ১০,০০০ | | |
| আসবাবপত্র | ১,৮০,০০০ | | |
| মজুরি | ২০,০০০ | | |
| আমদানি শুল্ক | ১০,০০০ | | |
| | ৮,৩২,০০০ | | ৮,৩২,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্য ৮০,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে কিন্তু উহার বাজারমূল্য ১,০০,০০০ টাকা। ২. চালানি কারবারের প্রেরিত সকল পণ্য ৫% কমিশন প্রদান সাপেক্ষে ৪,০০০ টাকা বিক্রয় করা হয়েছে। ৩. কলকব্জা ও যন্ত্রপাতির ওপর ১০% অবচয় ধার্য করো। ৪. নিট লাভের ৫,০০০ টাকা কর্মচারী কল্যাণ তহবিলে স্থানান্ড্র করতে হবে। ৫. অদাবিকৃত লভ্যাংশ সম্পূর্ণভাবে অবলোপন করতে হবে। ৬. শেয়ার মূলধনের ১০% লভ্যাংশ ঘোষনা করতে হবে।

**ক) তাসমিয়া কোম্পানি লি. এর চালানি কারবারে প্রেরিত পণ্যের মুনাফা অথবা ক্ষতির পরিমাণ নির্ণয় করো।** ২

**খ) মোট লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় করো।** ৪

গ। সংরক্ষিত আয় বিবরণী সমাপনী উদ্বৃত্ত ৩৫৪০০ টাকা হলে আর্থিক অবস্থার বিবরণী নির্ণয় করো। ৪

## খ বিভাগ

৩। হিমেল, রুমেল ও রূপন একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। ২০১৮ সালের জুলাই ১ তারিখে তাদের মূলধনের উদ্বৃত্ত ছিল: হিমেল ১,২০,০০০ টাকা, রুমেল ১,৫০,০০০ টাকা এবং রূপম ১,৮০,০০০ টাকা। চুক্তি অনুযায়ী মূলধন ও উত্তোলনের ওপর ৮% সুদ ধার্য করতে হবে। হিমেল ও রুমেল ব্যবসায়ের সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য মাসিক যথাক্রমে ২,০০০ ও ২,৫০০ টাকা বেতন পাবে এবং হিমেলের বেতনের ১/4 অংশ রূপম বহন করবে। বিক্রয় প্রমোশনে অবদান রাখায় রূপম কমিশন ধার্যের পরবর্তী বন্টযোগ্য লাভের ওপর ৫% কমিশন পাবে।উক্ত বছরে সম্ভাব্য মুনাফার প্রত্যাশায় অংশীদারগণ ব্যবসায় হতে যথাক্রমে ১০,০০০ টাকা, ১৫,০০০ টাকা এবং ২০,০০০ টাকা উত্তোলন করেছিল। ২০১৯ সালের ৩০ জুন তারিখে দেখা যায় যে, দোকান ভাড়া ও বিবিধ খরচ বাবদ যথাক্রমে ২,০০০ টাকা ও ১,৫০০ টাকা বকেয়া রয়েছে। অন্যদিকে বিমা সেলমি ৫,১০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে।

উপর্যুক্ত সমন্বয়সাধনের পূর্বে ২০১৯ সালের ৩০ জুন ব্যবসায়ের মুনাফা দাঁড়ায় ২,৪০,০০০ টাকা। বন্টনযোগ্য মুনাফার ১,০৫,০০০ টাকা পর্যন্ত হিমেল ১৫%, রুমেল ৪০% এবং রূপম ৪৫% পাবে। অবশিষ্ট বন্টনযোগ্য মুনাফা অংশীদারগণ ৩ঃ২ঃ১ অনুপাতে পাবে।

উল্লেখ্য চলতি হিসাবকালের শুরুতেই রূপম, হিমেলকে এই মর্মে নিশ্চয়তা প্রদান করেছিল যে, হিমেল ব্যবসায় হতে বচরে মূলদনের সুদ, বেতন ও মুনাফা বাবদ কমপক্ষে ৮০,০০০ টাকা পাবে।

**ক) অংশীদারদের মূলধন অনুপাত নির্ণয় করো।** ২

**খ) চলতি বছরের মুনাফা বাবদ অংমীদারদের প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো।** ৪

**গ) অংশীদারদের সমাপনী মূলধনের উদ্বৃত্ত নির্ণয় করো** ৪

৪। জনসন কোং লিঃ প্রতিটি ১০ টাকা মূল্যের ৩,০০,০০০ সাধারণ শেয়ার নিয়ে গঠিত হয়।

কোম্পানি ২,০০,০০০ শেয়ার ২ টাকা অধিহারে বিক্রয়ের জন্য বিজ্ঞাপন প্রচার করে।

২০১৬ ফেব্রুয়ারি ১-১২,০০,০০০ টাকা মূল্যের একটি দালান ক্রয় করে এর মূল্য বাবদ কোম্পানি ১,০০,০০০ শেয়ার ইস্যু করে।

২০১৬ ফেব্রুয়ারি ১২ কোম্পানি অবশিষ্ট শেয়ারগুলোর জন্য সর্বমোট ১,২০,০০০ শেয়ারের আবেদন পেল এবং শেয়ারগুলো যথারীতি বন্টিত হল।

ফেব্রুয়ারি ১৭ অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হল।

**ক) দালান ক্রয় বাবদ অধিহারের পরিমাণ নির্ণয় কর।** ২

**খ) কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দাও।** ৪

**গ) কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর।** ৪

৫. সেতু ট্রেডার্সের নিকট বছরের শুরুতে ৮ টাকা দরে ৪০০ একক পণ্য মজুদ ছিল। সারাবছর সেতু ট্রেডার্সের ক্রয়ের পরিমাণ ছিল নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ফেব্রুয়ারি | ২৫ | ৯ টাকা দরে ৬০০ একক |
| মে | ১০ | ১০ টাকা দরে ৫০০ একক |
| জুলাই | ২০ | ১১ টাকা দরে ৩০০ একক |
| নভেম্বর | ১৫ | ১২ টাকা দরে ২০০ একক |

সারাবছর বিক্রয়ের পরিমাণ প্রতি একক ২০ টাকা করে ১,৫০০ একক।

**ক) সেতু ট্রেডার্সের সনমাপনী মজুদ পণ্যের পরিমাণ (একক) নির্ণয় কর।** ২

**খ) ভারযুক্ত গড় পদ্ধতিতে সমাপনী মজুদ পণ্যের মূল্য নির্নয় কর।** ৪

**গ) আয় বিবরণী তৈরি করে মোট মুনাফা নির্নয় কর।** ৪

৬. শরীফ, শর্মা ও কলিন্স একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তাদের লাভ-লোকসান বন্টন অনুপাত হলো যথাক্রমে ৪ ঃ ২ ঃ ২। ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে উত্তোলন, বেতন ও মুনাফার অংশ সমন্বয়ের পর তাদের মূলধন হিসাবের উদ্বৃত দাঁড়ায় যথাক্রমে ৮৬,৬০০ টাকা, ৭২,৪০০ টাকা এবং ৫২,২০০ টাকা। পরবর্তীকালে দেখা গেল অংশীদারদের মূলধন ও উত্তোলনের ওপর বার্ষিক ৫% হারে সুদ এবং বন্টনযোগ্য মুনাফার ওপর কলিন্সের ৩% কশিশন বাদ পড়েছে। কলিন্সের এই কমিশন অংশীদারদের বেতন ও সুদ বাদ দেয়ার পর কিন্তু তার স্বীয় কমিশন চার্জ করার পূর্ববর্তী মুনাফার ওপর গণনা করতে হবে।

সারা বছরে অংশীদারগণের মোট উত্তোলনের পরিমাণ ছিল যথাক্রমে ৯,০০০ টাকা, ৭,০০০ টাকা ও ৬,৮০০ টাকা। যার ওপর সুদ ধার্য করতে হবে যথাক্রমে ৫২০ টাকা; ৩৮০ টাকা ও ৩০০ টাকা। শর্মা বার্ষিক ৬,০০০ টাকা বেতন পায়। অংশীদারদের মূলধন ও উত্তোলনের সুদ, বেতন, কমিশন বাদ দেয়ার পূর্বে কারবারের মুনাফার পরিমাণ হয়েলি ৭২,০০০ টাকা। অংশীদারগণ কারবারের মোট মূলধন ১,৮০,০০০ টাকার তাদের মুনাফা বন্ট অনুপাতে রাখতে সম্মত হয়েছেন।

**ক) প্রারম্ভিক মূলধন ও মূলধনের সুদ নির্ণয় করো।** ২

**খ) লাভ-লোকসান সমন্বয় হিসাব তৈরি করো।** ৪

**গ) অংশীদারগণের সমন্বিত মূলধন হিসাব তৈরি করো।** ৪

৭।সালমান লিমিটেড:গেল পাওয়া তথ্য আর্থিক নিম্নে থেকে বই হিসাবের এর-

মোট মুনাফা ৮৫,০০০ টাকা,নিট মুনাফা ৩৭০০০টাকা, বিক্রয় ২৫০০০০ টাকা ,বিনিয়োজিত মূলধন ২০০০০০ টাকা, চলতি সম্পদ ৭৫০০০ টাকা, চলতি দায় ৪২০০০ তাকা, সমাপনী মজুদ পণ্য ১০০০০ টাকা।

ক। বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় করো। ২

খ। মুনাফা অর্জন ক্ষমতা যাচাই এর জন্য দুটি অনুপাত নির্ণয় করো। ৪

গ। চলতি দায় পরিশোধের ক্ষমতা যাচাইয়ের জন্য দুটি অনুপাত নির্ণয় করো। ৪

## চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## দ্বাদশ শ্রেণির মূল্যায়ন পরীক্ষা-২০২১
বিষয় ঃ মনোবিজ্ঞান ২য় পত্র

পূর্ণমান-৫০

নিচের সকল প্রশ্নের উত্তর দাও :

১. সোহেল ও রুবেল দুই ভাই। সোহেল পড়াশুনায় অনেক ভাল। সে বিতর্ক প্রতিযোগিতাসহ বিভিন্ন সহপাঠ্যক্রমিক কার্যক্রমে অংশগ্রহণ করে। কিন্তু রুবেল পড়াশুনার চাইতে হাতে কলমে বিভিন্ন কাজে পারদর্শি। সে কম্পিউটার, ইন্টারনেট ছাড়াও বিভিন্ন ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স কাজে দক্ষতা অর্জন করেছে।

(ক) বুদ্ধি কি?

(খ) মানসিক বয়স বলতে কি বুঝ?

(গ) সোহেল ও রুবেলের উপর কোন ধরনের বুদ্ধি অভীক্ষা প্রয়োগ করা ফলপ্রসু হবে ব্যাখ্যা কর।

(ঘ) ব্যক্তি ও দলগত বুদ্ধি অভীক্ষার পার্থক্য বর্ণনা কর।

২. একজন মনোবিজ্ঞানী প্রতিবন্দিতার উপর গবেষণা করার জন্য একটি বুদ্ধি প্রতিবন্দি স্কুলের কিছু শিক্ষার্থীর বুদ্ধি পরিমাপ করেন। তাদের মধ্যে সুমন ও রাফি নামের দুজন শিক্ষার্থীর উপর ওয়েসলার বুদ্ধি অভীক্ষা প্রয়োগ করে দেখা গেল তাদের বুদ্ধ্যাংক যথাক্রমে ৬০ ও ৫২।

(ক) বুদ্ধি প্রতিবন্দিতার সংজ্ঞা দাও।

(খ) AAMD প্রদত্ত বুদ্ধি প্রতিবন্দিতার শ্রেণী বিভাগ কর।

(গ) সুমন ও রাফির স্কোর অনুযায়ী তারা কোন ধরনের প্রতিবন্দি তার বৈশিষ্ট্য লেখ।

(ঘ) তাদের প্রতিবন্দিতার জন্য দায়ী সম্ভাব্য কারণ বর্ণনা কর।

৩. **দৃশ্যকল্প-১ :** জনি ও রনি দুই ভাই। তারা দুজন দুই প্রকৃতির। জনি অনেকটা আত্মকেন্দ্রিক ও রক্ষণশীল। সে নিজেকে লুকিয়ে রাখতে পছন্দ করে এবং সবার সাথে সে সহজে মিশতে পাওে না। অপরদিকে রনি খুবই সক্রিয় ও স্বাধীনচেতা। খেলাধুলায় সে খুব ভাল এবং বন্ধুমহলে সে বেশ জনপ্রিয়।

**দৃশ্যকল্প-২ :** একজন মনোবিজ্ঞানী এক গবেষণায় কিছু ব্যক্তির ব্যক্তিত্ব পরিমাপের জন্য বিভিন্ন বর্ণের ১০টি কার্ড ব্যবহার করেন কার্ডগুলোর কালির ছাপ প্রকৃতপক্ষে অর্থহীন, কিন্তু এমন ধরনের যে, সেগুলোকে যেমন খুশী তেমন প্রত্যক্ষণ করা যায়।


(ক) ব্যক্তিত্বের সংজ্ঞা দাও।

(খ) প্রক্ষেপণমূলক অভীক্ষা বলকে কি বুঝ?

(গ) জনি ও রনির ব্যক্তিত্বের তুলনামূলক আলোচনা কর।

(ঘ) মনোবিজ্ঞানী ব্যক্তিত্ব পরিমাপে যে অভীক্ষা পরিচালনা করেছেন তার বিস্তারিত আলোচনা কর।

৪।




(ক) চলের সংজ্ঞা দাও।

(খ) চল নিয়ন্ত্রণ বলতে কি বুঝ?

(গ) বয়স, প্রেষণা কোন ধরনের চল? উক্ত চলের বর্ণনা দাও।

(ঘ) B চিহ্নিত চলের নিয়ন্ত্রণের কৌশলগুলো কি কি আলোচনা কর।

৫। জনাব শহীদুল আলম গবেষণাগারে নিয়ন্ত্রণ পরিবেশে বস্তুনিষ্ঠভাবে একটি গবেষণা পরিচালনা করেন। শিক্ষণের উপর বলবর্ধকের প্রভাব লক্ষ্য করার জন্য তিনি ২০ জন ছাত্র ও ২০ জন ছাত্রী নিয়ে দুটি দল গঠন করেন।

(ক) প্রকল্প কি?

(খ) প্রকল্পের উৎসগুলো কি কি?

(গ) কোন পদ্ধতিকে বৈজ্ঞানিক পদ্ধতি বলা হয় এবং কেন?

(ঘ) জনাব শহীদুল আলম কোন পদ্ধতিকর সাহায্যে গবেষণা পরিচালনা করেন এ পদ্ধতির বৈশিষ্ট্যগুলো বিশ্লেষণ কর।

# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## দ্বাদশ শ্রেণির মূল্যায়ন পরীক্ষা-২০২১
বিষয় ঃ উদ্ভিদবিজ্ঞান ২য় পত্র

পূর্ণমান-৫০

৫টি প্রশ্নের উত্তর দাও

১। $C_6H_{12}O_6 \xrightarrow{\text{এনজাইম}} CO_2 + H_2O + \text{শক্তি}$

চিত্র-১

$C_6H_{12}O_6 \xrightarrow{\text{এনজাইম}} C_2H_5OH + CO_2 + \text{শক্তি}$

(ক) প্রস্বেদন কী? ১

(খ) ফটোফসফোরাইলেশন বলতে কী বুঝায়? ২

(গ) চিত্র-১ এর বিভিন্ন ধাপে কতটি উৎপন্ন হয়? ছকের মাধ্যমে ব্যাখ্যা কর। ৩

(ঘ) শিল্পক্ষেত্রে চিত্র-২ এর প্রক্রিয়ার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

২। পলাশ বেড়াতে গিয়ে দেখলো জমির উঁচু অংশে আম ও নিচু অংশে ধান লাগানো হয়েছে। দুটো উদ্ভিদের $CO_2$ বিজারণের পথ (চক্র) আলাদা।


(ক) চক্রীয় ফটোফসফোরাইলেশন কী? ১

(খ) চক্রীয় ও অচক্রীয় ফটোফসফোরাইলেশনের মধ্যে ২টি পার্থক্য লিখ? ২

(গ) উদ্দীপকে উল্লিখিত ১ম উদ্ভিদে যে চক্র সম্পন্ন হয় তা রেখাচিত্রের সাহায্যে দেখাও। ৩

(ঘ) উদ্দীপকের উদ্ভিদদ্বয়ে সম্বপন্ন চক্র দুটির তুলনা কর। ৪

৩।




(ক) সিন্যাপসিস কী? ১

(খ) উদ্দীপকের প্রক্রিয়াটি মিয়োসিসে কেন ঘটে না? ২

(গ) উদ্দীপকের 'M' পর্যায়ের যে ধাপে মেটাকাইনেসিস সংঘটিত হয় সে ধাপ বর্ণনা কর। ৩

(ঘ) উদ্দীপকের চিত্রের 'S' পর্যায়ে সংঘটিত প্রক্রিয়াটি কোষ বিভাজনে আবশ্যক- বিশ্লেষণ কর। ৪

৪।

A = মপ. উপমপ. ⚥ পু$_2$ পুং$_{৩+৩}$ গা$_১$

B = ⊕ ⚥ উবৃ$_৫$ বৃ$_{(৫)}$ দ$_৫$ $\overline{\text{পুং}_{(৫)}\ \text{গা}_{(৫)}}$


(ক) পুষ্পপত্রবিন্যাস কী? ১

(খ) Cycas কে কোরালয়েড মূল বলা হয় কেন? ২

(গ) A ও B সংকেতের উদ্ভিদগুলি যে গোত্রের প্রতিনিধিত্ব করে তাদের মধ্যে তুলনা কর। ৩

(ঘ) B সংকেতের উদ্ভিদটির উপবৃতি ভালভেট, বৃতি ভালভেট, দল টুইস্টেড এবং অমরাবিন্যাস অক্ষীয় হলে তার পুষ্প প্রতীক কেমন হবে অংকন করে দেখাও। ৪

৫।




(ক) এন্ডার্ক কী? ১

(খ) একবীজপত্রী উদ্ভিদের কান্ড ও মূলের মধ্যে ২টি পার্থক্য লিখ। ২

(গ) উদ্দীপকের M, N ও O এর কাজ লিখ। ৩

(ঘ) উদ্দীপকের M ও N এর অবস্থান ভিত্তিক শ্রেণিবিন্যাস চিত্রসহ বর্ণনা কর। ৪

# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## দ্বাদশ শ্রেণির মূল্যায়ন পরীক্ষা-২০২১

বিষয় ঃ ফিন্যান্স ব্যাংকিং ও বীমা ২য় পত্র

পূর্ণমান-৭০

১. 'ক' ব্যাংক এবং 'খ' ব্যাংক গত কয়েক বছর ক্রমাগত লোকসানের সম্মুখীন হওয়ায় 'গ' ব্যাংক উভয় ব্যাংকের ৫১% শেয়ার ক্রয়ের প্রস্তাব দেয়। 'ক' এবং 'খ' ব্যাংক এই প্রস্তাব প্রত্যাখ্যান করে। পরবর্তীতে ব্যাংক দুটি নিজেরা পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করে।

**(ক) চেকের প্রাচীন নাম কি?**

**(খ) অতালিকাভুক্ত ব্যাংক বলতে কি বুঝ?**

**(গ) উদ্দীপকে 'গ' ব্যাংক কোন ধরণের ব্যাংক গঠনের প্রস্তাব দেয়? ব্যাখ্যা কর।**

**(ঘ) উদ্দীপকে 'ক' এবং 'খ' ব্যাংক দুটির সিদ্ধান্ত কি যৌক্তিক? বিশ্লেষণ কর।**

২. 'আশা ব্যাংক' দেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যাংক। এটি ঋণ নিয়ন্ত্রণ, মুদ্রা প্রচলন ইত্যাদি কাজ করে। 'ভরসা ব্যাংক' দেশের বিভিন্ন স্থানে শাখার মাধ্যমে জনগণের কাছ থেকে আমানত সংগ্রহ করে এবং ঋণ প্রদান করে থাকে।

**(ক) BACH এর পূর্ণরূপ লিখ।**

**(খ) ভোগ্য পণ্যের ঋণ নিয়ন্ত্রণ কি? ব্যাখ্যা কর।**

**(গ) উদ্দীপকের 'ভরসা ব্যাংক' কোন ধরণের ব্যাংক? ব্যাখ্যা কর।**

**(ঘ) উদ্দীপকে 'আশা ব্যাংক' এবং 'ভরসা ব্যাংক' এর মধ্যে কোনটি আর্থিক নীতি বাস্তবায়নের দায়িত্ব পালন করে? বিশ্লেষণ কর।**

৩. বাংলাদেশ ব্যাংকে প্রতিদিন বিভিন্ন খাত থেকে রাজস্ব জমা হয় এবং নির্দেশ অনুযায়ী তা এক খাত থেকে অন্য খাতে স্থানান্তর করা হয়। সম্প্রতি বাংলাদেশ ব্যাংক বাণিজ্যিক ব্যাংকগুলোকে তাদের ঋণের ২০% শিল্প খাতে প্রদানের নির্দেশনা দেয়। নির্দেশ অমান্য করা হলে তাদের আন্তঃ ব্যাংকিং দেনা পাওনা নিষ্পত্তির সুবিধা বন্ধ করে দেওয়া হবে বলে বাণিজ্যিক ব্যাংকগুলোকে সতর্ক করে দেওয়া হয়।

**(ক) বিধিবদ্ধ তারল্য অনুপাত কি?**

**(খ) গ্রীণ ব্যাংকিং বলতে কি বুঝ?**

**(গ) উদ্দীপকে রাজস্ব জমা বাংলাদেশ ব্যাংকের কোন ধরণের কার্যাবলী? ব্যাখ্যা কর।**

**(ঘ) বাণিজ্যিক ব্যাংকগুলো কি বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী ঋণ প্রদান করবে? তোমার মতামত দাও।**

৪. জনাব মুস্তাফিজ তার মেয়ে রাশেদাকে কলেজের ভর্তি ফি দেওয়ার জন্য এবং বইপত্র কেনার জন্য একটি পাঁচ হাজার টাকার চেক প্রদান করলেন। রাশেদা ব্যাংকে গিয়ে চেকের উল্টো পিঠে স্বাক্ষর করে টাকা উত্তোলন করল। কিছুদিন আগে রাশেদা জেলা পরিষদ বৃত্তি বাবদ তিন হাজার টাকার একটি চেক পেয়ে ব্যাংক থেকে একই ভাবে টাকা তুলতে গেলে ব্যাংকের কর্মকর্তা আগে তাকে একটি হিসাব খুলতে পরামর্শ দিল।

**(ক) বিল অফ এক্সচেঞ্জ কি?**

**(খ) চেকের অর্থ কেন বিহিত মুদ্রায় পরিশোধ্য? ব্যাখ্যা কর।**

**(গ) উদ্দীপকে জনাব মুস্তাফিজ কোন ধরণের চেক ব্যবহার করেন? ব্যাখ্যা কর।**

**(ঘ) উদ্দীপকে রাশেদা যে দুটি চেক পেয়েছে সে দুটির মধ্যে তুলনামূলক বিশ্লেষণ কর।**

৫. 'আশরাফ ট্রেডার্স' এর স্বত্বাধিকারী জনাব আশরাফ তার অফিসে বসে তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে যাবতীয় ব্যাংকিং কার্যক্রম সম্পন্ন করেন। ব্যাংক তাকে দুটি কার্ড দিয়েছে। একটি ব্যবহার করে তিনি যে কোনো সময়ে তার জমাকৃত অর্থ উত্তোলন করতে পারেন এবং অন্যটি দিয়ে একাউন্টে টাকা না থাকলেও কেনাকাটা করতে পারেন।

**(ক) EFT এর পূর্ণরূপ লিখ।**

**(খ) মোবাইল ব্যাংকিং এর সুবিধা ও অসুবিধা বর্ণনা কর।**

**(গ) উদ্দীপকে জনাব আশরাফ কোন ধরণের ব্যাংকিং সেবা গ্রহণ করেন? ব্যাখ্যা কর।**

**(ঘ) উদ্দীপকে জনাব আশরাফ যে দুটি কার্ড ব্যবহার করেন সে দুটির মধ্যে কোনটি উত্তম? যুক্তিসহ মতামত দাও।**

৬. মামুন তার ছোট ভাই মাসুমের গাড়ির জন্য একটি বিমা করতে চাইলে বিমা কোম্পানি তাতে রাজী হয়নি। পরে মাসুম নিজে গিয়ে বিমাপত্র সংগ্রহ করেন। কিছুদিন পর দূর্ঘটনায় গাড়িটি সম্পূর্ণ ক্ষতিগ্রস্থ হলে বিমা কোম্পানি ক্ষতিপূরণ প্রদান করে। গাড়িটির ভগ্নাবশেষ বিমা কোম্পানি নিয়ে যেতে চাইলে মামুন বাধা প্রদান করে।

**(ক) উত্তম আদর্শিক ঝুঁকি কি?**

**(খ) আই ডি আর এ এর কাজ কি? ব্যাখ্যা কর।**

**(গ) উদ্দীপকে বিমার কোন উপাদানের অনুপস্থিতির কারণে বিমা কোম্পনি রাজী হয়নি? ব্যাখ্যা কর।**

**(ঘ) উদ্দীপকে বিমা কোম্পানিকে মামুনের বাধা প্রদান কি যুক্তিযুক্ত? তোমার মতামত দাও।**

৭. জনাব জুবায়ের একজন পাইলট। তিনি 'এক্স' ইন্স্যুরেন্স কোম্পানি থেকে দুই বছরের জন্য একটি বিশেষ ধরণের বিমাপত্র সংগ্রহ করেন যা দুই বছর পর চাইলে নবায়ন করতে পারবেন। তার পরিবারের সকল সদস্যদের জন্য তিনি আরেকটি বিমাপত্র গ্রহণ করেন। এই বিমাপত্রে প্রথম ব্যক্তির মৃত্যুতে বিমাদাবি প্রদান করা হয়।

**(ক) জীবন বিমার প্রস্তাবগুলোকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়?**

**(খ) নিখোঁজ ব্যক্তির ক্ষেত্রে বিমাদাবি আদায়ের নিয়ম বর্ণনা কর।**

**(গ) উদ্দীপকে জনাব জুবায়ের প্রথমে কোন ধরণের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর।**

**(ঘ) উদ্দীপকে উল্লেখিত দ্বিতীয় বিমাপত্রের যৌক্তিকতা বিশ্লেষণ কর।**

# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম।
## দ্বাদশ শ্রেণির মূল্যায়ন পরীক্ষা-২০২১
### বিষয় ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ২য় পত্র (সৃজনশীল)
### বিষয় কোড : ২৬৮

পূর্ণমান- ৭০

[নিচের উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোন সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। অস্ট্রেলিয়ায় বাণিজ্যরত ইংল্যান্ডের কিছু বণিকের মৃত্যু হলে অস্ট্রেলিয়ার শাসনকর্তা বণিকদের ধন সম্পদ ও পরিবার পরিজনকে নৌকা যোগে স্বদেশের উদ্দেশ্যে পাঠিয়ে দেন। কিন্তু জার্মান সীমান্তের কাছাকাছি পৌঁছালে নরম্যান জলদস্যু নৌকাগুলো লুট করে নিয়ে যায়। ইংল্যান্ডের শাসনকর্তা এর প্রতিকার চায়। জার্মান শাসক এতে অপরাগতা প্রকাশ করলে ইংল্যান্ডের শাসক ক্রুদ্ধ হয়ে সামরিক অভিযান প্রেরণ করেন।

(ক) তরাইনের যুদ্ধ কাদের মধ্যে সংগঠিত হয়? ১

(খ) ভারতীয় উপমহাদেশকে নৃ-তত্ত্বের যাদুঘর বলা হয় কেন? ২

(গ) উদ্দীপকে বর্ণিত ঘটনার সাথে তোমার পাঠ্য পুস্তকের কোন ঘটনার সাদৃশ্য পাওয়া যায়?-ব্যাখ্যা কর। ৩

(ঘ) উক্ত সামরিক অভিযান কতটুকু সুদুরপ্রসারী ছিল? বিশ্লেষণ কর। ৪

২। পাজার রাজ্যের রহিম বক্স নিজ গোত্রের অধিপতি। স্বীয় রাজ্য একটি সমৃদ্ধ ও শক্তিশালী রাজ্যে পরিণত করার জন্য তার প্রচুর অর্থের প্রয়োজন ছিল। পাশ্ববর্তী অঞ্চলগুলোর উপর তিনি বার বার আক্রমণ করেন এবং চলে আসেন। এভাবে তিনি পাশ্ববর্তী অঞ্চলগুলোর উপর আধিপত্য বিস্তার করলেও তাদের রাজ্য গুলো দখল করেন নি। তবে তিনি তার গোত্রও রাজ্য একটি সমৃদ্ধশালী অঞ্চলে পরিণত করতে সক্ষম হয়েছিলেন।

(ক) দিল্লী সালতানাতের প্রতিষ্ঠাতা কে? ১

(খ) আল-বিরুনীর পরিচয় দাও। ২

(গ) উদ্দীপকে বর্ণিত সর্দার রহিম বক্স এর সালে তোমার পাঠ্য পুস্তকের কোন শাসকের সাদৃশ্য পাওয়া যায়? আলোচনা কর। ৩

(ঘ) বিজিত অঞ্চলগুলোকে নিজ অধিকারে না রাখার কারণসমূহ পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। অলীপুরের পৌর মেয়র রতন সাহেব পৌরসভার সার্বিক উন্নয়নের জন্য পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ করেন। পৌর মেয়রের কার্য্যালয় সহ তিনি অন্যান্য দপ্তর সমূহ পৌরসভার কেন্দ্র বিন্দুতে স্থানান্তরিত করেন। তার পৌরসভায় প্রচলিত মুদ্রা ব্যবস্থার সংস্কার করে তিনি একক মুদ্রার প্রবর্তন করেন। মহৎ উদ্দেশ্য থাকা সত্ত্বেও তার এ পদক্ষেপ গুলো ব্যর্থ হয়ে যায়।

(ক) মামলুক শব্দের অর্থ কি? ১

(খ) কুতুব মিনার সম্পর্কে লিখ। ২

(গ) উদ্দীপকে বর্ণিত মেয়র সাহেবের সাথে ইতিহাসের কোন সুলতানের মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

(ঘ) উক্ত সুলতানের পরিকল্পনা গুলো ব্যর্থতার কারণ বিশ্লেষণ কর। ৪

৪। বিজয় নগরের শাসক মুরাদ হাসান এর রক্তে ২টি বিখ্যাত বংশের মিশ্রণ ছিল। পিতার মৃত্যুর পর অল্প বয়সে তিনি পিতৃ সিংহাসনে বসেন। পাশ্ববর্তী রাজ্যের স্বগোত্রীয় শাসকদ্বারা তিনি বারবার সিংহাসন চ্যুত হয়ে দাবার ঘরের ন্যায় স্থান পরিবর্তন করেন। সৌভাগ্যক্রমে কালিকট রাজ্যের আমত্যদের আমন্ত্রণে তিনি কালিকট রাজ্য আক্রমণ করেন এবং স্থায়ীভাবে তা দখল করে নেন।

(ক) নুরজাহান কে ছিলেন? ১

(খ) তাজমহল সম্পর্কে লিখ। ২

(গ) উদ্দীপকে বর্ণিত মুরাদ হাসান এর সাথে ভারতের কোন শাসকের সাদৃশ্য পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

(ঘ) ভারতীয় উপমহাদেশে একটি দীর্ঘস্থায়ী রাজ বংশের প্রতিষ্ঠাতা হিসেবে তার কৃতিত্ব বিশ্লেষণ কর। ৪

৫। ফরাসী সম্রাট নেপোলিয়নের পরাজয়ের জন্য স্পেন আক্রমণকে দায়ী করা হয়। ভারতীয় উপমহাদেশে এক মুঘল সম্রাট ভারতের একটি বিশেষ অঞ্চল বিজয় করে দীর্ঘ সময় সেখানে অতিবাহিত করেন। ফলে কেন্দ্রীয় শাসনে শিথিলতা দেখা দেয়। ধার্মিক, কর্মঠ ও প্রাজাহিতৌষি এ সম্রাটের মৃত্যুর পর অনেকে তাকে স্বীয় সম্রাজের পতনের জন্য দায়ী করেন।

(ক) আবুল ফজল কে ছিলেন? ১

(খ) দ্বীন-ই-ইলাহী সম্পর্কে লিখ। ২

(গ) সম্রাট নেপোলিয়নের স্পেন আক্রমণের সাথে মুঘলদের কোন অঞ্চল আক্রমণের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) উক্ত সম্রাটকে অনেকে স্বীয় সম্রাজ্যের পতনের জন্য দায়ী করেন-উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৬। ইউরোপ মহাদেশের একটি বাণিজ্যিক দল ব্যবসার উদ্দেশ্যে অফ্রিকার এডেন বন্দরে আগমন করে। স্থানীয় রাজার অনুমতি নিয়ে তারা বাণিজ্য শুরু করে। এডেন এর পাশ্ববর্তী কয়েকটি গ্রাম ক্রয় করে পরবর্তীতে একটি বাণিজ্য কুঠি গড়ে তোলে। অল্প সময়ের মধ্যে তারা আফ্রিকার রাজনীতিতে অনুপ্রবেশ করে এবং বণিক থেকে রাজদন্ড হস্তগত করার হীন ষড়যন্ত্রে লিপ্ত হয়। অবশেষে এক প্রহসনের যুদ্ধের মাধ্যমে আফ্রিকার রাজা তৈরির ভূমিকায় অভিভূত হয়।

(ক) বাংলা দ্বৈত শাসন প্রতিষ্ঠা করেন কে? ১

(খ) বারাসাত আন্দোলন সম্পর্কে লিখ। ২

(গ) উদ্দীপকে বর্ণিত বণিক গোষ্ঠীর সাথে ভারতীয় উপমহাদেশে কোন বাণিজ্যিক প্রতিষ্ঠানের সাদৃশ্য পাওয়া যায়-ব্যাখ্যা কর। ৩

(ঘ) উক্ত বাণিজ্যিক গোষ্ঠী চক্রান্ত করে রাজ ক্ষমতা হস্তগত করে-উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৭।



(ক) ৬ দফা কোথায় ঘোষণা করা হয়? ১

(খ) আগরতলা মামলা সম্পর্কে লিখ। ২

(গ) উদ্দীপকের চিত্রটি বাংলাদেশের কোন আন্দোলনের ইতিহাস বহন করছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) চিত্রের অন্তর্নিহিত আন্দোলন ছিল বাঙালির জাতীয়তাবাদ বিকাশের অন্যতম শক্তি-বিশ্লেষণ কর। ৪

# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## দ্বাদশ শ্রেণির মূল্যায়ন পরীক্ষা-২০২১
বিষয় ঃ প্রাণিবিজ্ঞান ২য় পত্র

পূর্ণমান-৫০

বিঃ দ্রঃ- নিচের প্রত্যেকটি উদ্দিপকের আলোকে প্রশ্নগুলোর উত্তর দিবে।

১। তোমার সিলেবাসে অর্ন্তভুক্ত একটি প্রাণীর দেহে ষড়ভুজাকার দর্শন একক বিদ্যমান, যাদের মাধ্যমে প্রতিবিম্ব গঠন সম্ভব।

(ক) স্ক্লেরাইট কী?

(খ) হেমিমেটাবোলাস রূপান্তর বলতে কী বুঝায়?

(গ) উদ্দিপকে উল্লেখিত এককের চিত্র এঁকে বিভিন্ন অংশ দেখাও।

(ঘ) উদ্দিপকে সৃষ্ট প্রতিবিম্ব আলোর প্রাচুর্য্যের উপর নির্ভরশীল-বিশ্লেষণ কর।

২।

| নমুনা-১ | নমুনা-২ | নমুনা-৩ |
|---|---|---|
| হাইড্রা | শামুক | রুই মাছ |

(ক) সাগর ফোয়ারা কী?

(খ) **Lobe finned fish** ও **ray finned fish** এর পার্থক্য কী?

(গ) উদ্দিপকের নমুনা-১ ও নমুনা-২ এর পর্ব উল্লেখ করে ৪টি করে বৈশিষ্ট্য লিখ।

(ঘ) উদ্দিপকে সংশ্লিষ্ট প্রাণী তিনটির আঙ্গিক বিন্যাস ভিন্ন প্রকৃতির-বিশ্লেষণ কর?

৩। বক্ষ গহ্বরের উপর দুই ফুসফুসের মাঝে বিদ্যমান একটি অঙ্গ সারাদেহে রক্ত সংবহনের মাধ্যমে $O_2$ ও $CO_2$ পরিবহনে ভূমিকা রাখে।


(ক) হেপারিন কী?

(খ) দেহে লিম্ফোসাইটের ভূমিকা কী?

(গ) উদ্দিপকের অঙ্গটির চিত্র এঁকে দেখাও?

(ঘ) উদ্দিপকের অঙ্গটির কার্যক্রম ব্যাহত হলে কী ধরনের সমস্যা হতে পারে বলে তুমি মনে কর?

৪।





(ক) ব্রুনার্স গ্রন্থি কী?

(খ) বিপাকীয় বর্জ্য তৈরীতে কোন অঙ্গটি ভূমিকা রাখে?

(গ) 'M' অংশে বিদ্যমান কোষগুলোর বর্ণনা দাও?

(ঘ) উদ্দিপকের আলোকে 'X' ও 'Y' অংশে দেহ গঠনকারী খাদ্যের পরিপাক প্রক্রিয়া ব্যাখ্যা কর?

৫।




(ক) **DMD** কী?

(খ) জেনেটিক রোগ কাদের বেশী হয়?

(গ) উদ্দিপকের আলোকে $F_1$ জনু ব্যাখ্যা কর?

(ঘ) উদ্দিপকের আলোকে $F_1$ ও $F_2$ জনুর মধ্যে কোন ভিন্নতা আছে কিনা?-বিশ্লেষণ কর?

## চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## দ্বাদশ শ্রেণির মূল্যায়ন পরীক্ষা-২০২১
বিষয় ঃ যুক্তিবিদ্যা ২য় পত্র

পূর্ণমান-৭০

[ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।]


১। "মানুষ হয় বুদ্ধিবৃত্তিসম্পন্ন সভ্য প্রাণী"
"মানুষ হয় সৃষ্টির মুকুট"
"মানুষ হয় মনুষ্য জাতীয় জীব"
"অন্ধকার হয় আলোর অভাব"

(ক) যৌক্তিক সংজ্ঞা কাকে বলে? ১
(খ) দুর্বোধ্য সংজ্ঞা জনিত অনুপপত্তি বলতে কি বুঝ? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপক গুলোতে সংজ্ঞার কোন্ কোন্ নিয়ম মানা হয়নি? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উক্ত উদাহরণগুলোর ফলে সৃষ্ট অনুপপত্তিগুলো বিশ্লেষণ কর। ৪

২। মৌমিতা বলল, এ যাবৎ যত কাক দেখেছি কালো রংয়ের দেখেছি ; কালো ছাড়া অন্য রঙের কাক দেখিনি। সুতরাং সকল কাকের রং কালো।

(ক) প্রকৃত আরোহ কী? ১
(খ) আরোহমূলক লক্ষ বলতে কী বুঝ? ২
(গ) উদ্দীপকের উদাহরণটি কোন্ ধরনের আরোহকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
(ঘ) নির্দেশিত আরোহের বৈশিষ্ট্যগুলো বিশ্লেষণ কর। ৪

৩।



$AB = BC = CD = AD$

দৃশ্যকল্প-২ : শিহাব বলল, আমি আম কিনে প্রায়ই ঠকে যায়। তাই সেদিন আমি এক ঝুড়ি আমের প্রত্যেকটির স্বাদ পরীক্ষা করে তারপর কিনলাম। কাজেই সব আমই মিষ্টি ছিল।

(ক) সাদৃশ্যমূলক অনুমান কী? ১
(খ) এ্যটনা সংযোজন প্রকৃত আরোহ নয় কেন? ব্যাখ্যা কর। ২
(গ) দৃশ্যকল্প-১ এ কোন্ ধরনের আরোহের প্রকাশ পেয়েছে? তা তোমার পাঠ্যবইয়ের আলোক ব্যাখ্যা কর। ৩
(ঘ) দৃশ্যকল্প-২ এ শিহাবের বক্তব্যে কোন্ ধরনের আরোহের ইঙ্গিত রয়েছে? উক্ত আরোহের সাথে বৈজ্ঞানিক আরোহের পার্থক্য আলোচনা কর। ৪

৪। কিছুদিন পূর্বে সূর্য গ্রহণ হয়ে গেল। পত্রপত্রিকা ও টেলিভিশনে ফলাও করে প্রচার হতে লাগল জনগণ যাতে পূর্ণ গ্রাস গ্রহণের সৌন্দর্য্য উপভোগ করতে পারে। কিন্তু গীতার শাশুড়ী তার নব বিবাহিতা বধুকে এটা না দেখার জন্য কড়া নিষেধ করলেন। কারণ তার ধারণা রাহু দেবতা ঐদিন সূর্যকে পুড়া গ্রাস করে ফেলবেক এবং এতে সকলের অমঙ্গল হবে।

(ক) প্রকল্প কী? ১
(খ) কাজ চালানো প্রকল্প বলতে কি বুঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে উল্লেখিত গীতার শাশুড়ীর চিন্তা ভাবনাটি ব্যাখ্যার কোন্ শর্তকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকের ব্যাখ্যা অনুযায়ী একটি বৈধ প্রকল্পের জন্য আর কি কি শর্ত থাকা উচিৎ? তোমার পাঠ্য বইয়ের আলোকে তা ব্যাখ্যা কর। ৪

৫। ঢাকার একটি বহুতল ভবনে আগুন লেগে বহু মানুষ হতাহত হয় এবং কিছু মানুষ মৃত্যুবরণও করে। মৃত ব্যক্তিদের লাশ দেখে তাদের পরিচিতি শনাক্ত করা সম্বব হচ্ছিল না। অবশেষে পরিচিতি সনাক্তকরণের জন্য DNA টেস্টের ব্যবস্থা করা হয় এবং লাশ সনাক্ত করে আত্মীয় পরিজনদের কাছে হস্তান্তর করা হয়।

(ক) প্রকল্পের স্তরগুলি কি কি? ১
(খ) যাচাইকরণ বলতে কি বুঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকের ঘটনাটি প্রকল্প সংশ্লিষ্ট কোন্ ধারণাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উক্ত ধারণা ছাড়া আর কোন্ কোন্ ধারণা প্রকল্পের সাথে সংশ্লিষ্ট? বিশ্লেষণ কর। ৪

৬। উত্তরবঙ্গে হঠাৎ করে করোনার প্রভাব বেড়ে গিয়েছে। প্রতিদিন নতুন নতুন লোক আক্রান্ত হচ্ছে। সেখানে গ্রামের বয়স্ক লোকদের ধারণা মানুষের পাপাচার বৃদ্ধি পাওয়ায় করোনা ছড়িয়ে পড়েছে। এর থেকে পরিত্রাণের জন্য তারা বিভিন্ন ওঝা বৈর্দ্যের শারণাপন্ন হয়ে ঝাড় ফুক ও পানি পড়া ও তাবিজের ব্যবহার করছেন। কিন্তু গ্রামের শিক্ষিত ছেলে শামীম বলল, মানুষের অসচেতনায় করোনা জীবাণু ছড়িয়ে পড়েছে। যথাযথ স্বাস্থ্য বিধি মেনে চলে সঠিক চিকিৎসার মাধ্যমে এই রোগ থেকে পরিত্রাণ পাওয়া সম্ভব।

(ক) ব্যাখ্যা কী? ১
(খ) বৈজ্ঞানিক ব্যাখ্যার ৪টি সীমাবদ্ধতা ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে গ্রামের বয়স্ক লোকদের ধারণায় কোন্ ধরনের ব্যাখ্যার প্রতিফল ঘটেছে? ৩
(ঘ) শিক্ষিত যুবক শামীমের বক্তব্যের সাথে গ্রামের লোকদের ধারণার পার্থক্য তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭। অয়ন, তন্ময় ও রাব্বী কর্ণফুলী নদীতে নৌকা ভ্রমণে বের হয়। নদীর দু'পাশের দৃশ্য দেখে অয়ন বলল, এ বছর সুবর্ষন হয়েছে, ফসল ও ভাল হয়েছে। কৃষক ও দাম পাবে এবং দেশে সমৃদ্ধি আসবে। তন্ময় বলল-নদীতে জোয়ার থাকায়, মাঝির বৈঠা চালনৌনোর দক্ষতা, অনুকূল বাতাস ও নৌকার পাল তুলে রাখায় নৌকার গতিবেগ বৃদ্ধি পেয়েছে। পাশে বসা রাব্বী বলল, "নদীর জোয়ার-ভাটা মাধ্যাকর্ষন শক্তির আকর্ষণ বিকর্ষণের উপর নির্ভর করে"।

(ক) বৈজ্ঞানিক ব্যাখ্যার রূপ কয়টি? ১
(খ) বৈজ্ঞানিক ব্যাখ্যার প্রকৃতি ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে অয়নের বক্তব্যে ব্যাখ্যার কোন্ রূপ প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
(ঘ) তন্ময় ও রাব্বীর উক্তি দুটি বৈজ্ঞানিক ব্যাখ্যার আলোকে বিশ্লেষণ কর। ৪

# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## দ্বাদশ শ্রেণির মূল্যায়ন পরীক্ষা-২০২১
বিষয় ঃ সমাজকর্ম ২য় পত্র

পূর্ণমান-৭০

১। অধ্যাপক আইরিন সুলতানা সমাজকর্ম ক্লাসে শিক্ষার্থীদের মানুষের অত্যাবশ্যকীয় প্রয়োজন সম্পর্কে পাঠদান করতে গিয়ে বলেন, প্রাণীমাত্রই একটি চাহিদা অনুভব করে। এটি শরীর গঠন করে, বৃদ্ধি ও বিকাশ ঘটায়। অপর একটি প্রয়োজন সম্পর্কে বলেন, এটি মানুষকে সভ্য সামাজিক মানুষে পরিণত করে। তিনি মৌলিক মানবিক চাহিদা পূরণের কয়েকটি অন্তরায় ও চিহ্নিত করেন। যেমন-জনসখ্যা ও স্ফীতি, বেকারত্ব, জলবায়ু পরিবর্তনের প্রভাব ইত্যাদি।

**(ক) সমাজবিজ্ঞানী সি. টোলের মতে মৌলিক মানবিক চাহিদা কয়টি?**

**(খ) মৌলিক মানবিক চাহিদা হিসেবে শিক্ষার গুরুত্ব ব্যাখ্যা কর।**

**(গ) উদ্দীপকে বর্ণিত মৌলিক মানবিক চাহিদাগুলো ব্যাখ্যা কর।**

**(ঘ) উদ্দীপকে বর্ণিত অন্তরায়গুলো ছাড়াও বাংলাদেশে মৌলিক মানবিক চাহিদা পূরণের অন্তরায় রয়েছে-বিশ্লেষণ কর।**

২। রাসেল কলেজে পড়ে। তার কলেজে একটি সমস্যা প্রকট আকার ধারণ করেছে। তার কলেজে প্রথম ক্লাসের পর শিক্ষার্থীরা পালিয়ে যায়। এ বিষয়ে সমাধানের জন্য কলেজের অধ্যক্ষ পরামর্শ সভা ডাকেন। সভায় কলেজের সমাজকর্মের শিক্ষক সমাজকর্মের একটি শাখার জ্ঞান প্রয়োগ করে এ সমস্যা সমাধান করা যায় বলে মত দেন।

**(ক) সর্বপ্রথম চিকিৎসা সমাজকর্ম প্রয়োগ করা হয় কোথায়?**

**(খ) প্রবীণ কল্যাণ বলতে কী বোঝায়?**

**(গ) উদ্দীপকে রাসেলদের কলেজের সমস্যা সমাধানে সমাজকর্মের কোন শাখার জ্ঞান প্রয়োগ করা যায়? ব্যাখ্যা কর।**

**(ঘ) উদ্দীপকে উল্লেখিত সমাজকর্মের গুরুত্ব অপরিসীম-কথাটির পক্ষে যুক্তি দাও।**

৩। গার্মেন্টস কর্মী রিমা আক্তার সাভারে ভাড়া বাসায় থাকে। রিমা ও তার স্বামী যে মজুরী পায় তা দিয়ে সংসার চালানো কষ্টসাধ্য। অন্যান্য শ্রমিকদের ন্যায় নাসরিন কর্তৃপক্ষের কাছে বেতন বৃদ্ধির দাবি জানায়। গার্মেন্টস শ্রমিকদের সংগঠনও মজুরি বৃদ্ধির দাবি জানায়। রিমার স্বামী হঠাৎ অসুস্থ হয়ে পড়লে তাকে হাসপাতালে ভর্তি করা হয়। হাসপাতালে পরিচালিত একটি বিশেষ কর্মসূচির মাধ্যমে রিমার স্বামীর চিকিৎসায় সহায়তা করা হয়। এ কর্মসূচীর মাধ্যমে রোগীকে বিনামূল্যে ঔষধ-পথ্য ও সরবরাহ করা হয়।

**(ক) বিদ্যালয় সমাজকর্ম কী?**

**(খ) সাইকিয়াট্রিক সমাজকর্ম বলতে কী বোঝায়?**

**(গ) উদ্দীপকে উল্লেখিত রিমার সমস্যা সমাধানে সমাজকর্মের কোন শাখা ভূমিকা পালন করতে পারে? ব্যাখ্যা কর।**

**(ঘ) উদ্দীপকে উল্লিখিত রিমার সমস্যা ও তার অসুস্থ স্বামীর সমস্যা সমাজকর্মের দুটি ভিন্ন ভিন্ন শাখার অন্তর্ভুক্ত-বিশ্লেষণ কর।**

৪। বশির 'ক' বিশ্ববিদ্যালয় থেকে লেখাপড়া শেষ করেছে। বর্তমানে কয়েক বছর যাবৎ ঢাকায় একটি মেসে অবস্থান করে চাকরি খুঁজতে দেশের প্রচলিত বেতন কাঠামোতে যে কোনো চাকরি সে করতে আগ্রহী। কিন্তু কোনো চাকরি পায় না।

**(ক) জনসংখ্যাস্ফীতি কাকে বলে?**

**(খ) অটিজমকে সামাজিক সমস্যা বলা হয় কেন?**

**(গ) উদ্দীপকে বশিরের অবস্থা বাংলাদেশের কোন সামাজিক সমস্যার প্রতিচ্ছবি? ব্যাখ্যা কর।**

**(ঘ) বাংলাদেশের কতগুলো আর্থ-সামাজিক কারণ ও অবস্থার জন্য দায়ী-কথাটি বিশ্লেষণ কর।**

৫। জামাল পরিবারের পছন্দমতো ডলির সাথে একটি বন্ধনে আবদ্ধ হয়। জামাল ঢাকায় চাকরি করে ডলি শেরপুরে। স্বামীর ঠিকানায় ঢাকায় তার বদলি হয়। বর্তমানে তারা ঢাকায় একটি বাসা ভাড়া নিয়ে থাকে। কিছুদিন পর তাদের কোলজুড়ে একটি সন্তান জন্মগ্রহণ করে। সন্তানের লালন পালন আর কর্ম নিয়ে কাটে তাদের নিত্যদিন।

**(ক) গণমাধ্যমের ভিত্তি কী?**

**(খ) ধর্ম-কীভাবে সামাজিক সমস্যা প্রতিরোধ করে? ব্যাখ্যা কর।**

**(গ) উদ্দীপকে জামাল ও ডলির মধ্যে গড়ে ওঠা সম্পর্ক কোন ধরনের প্রতিষ্ঠান? ব্যাখ্যা কর।**

**(ঘ) উদ্দীপকে জামাল ও ডলির মধ্যে গড়ে ওঠা সম্পর্ক যে ধরনের সামাজিক প্রতিষ্ঠান সে প্রতিষ্ঠানের কাজ বহুবিধ-কথাটি বিশ্লেষণ কর।**

৬। রফিক মা-বাবার ক্যাশ থেকে টাকা চুরি করে গোপনে ধুমপান করে। স্কুল পালিয়ে পাড়ার খারাপ ছেলেদের সাথে মিশে মারাত্মক অপরাধী হয়ে ওঠায় একসময় তাকে বিচারের সম্মুখীন হতে হয়। ঘরোয়া পরিবেশে বিশেষ আদালতে তার বিচার কাজ সম্পন্ন হয়। শাস্তি না দিয়ে তাকে একটি সংশোধনী প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়। প্রতিষ্ঠানে নিযুক্ত সমাজকর্মী রফিককে সুস্থ ও স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে সমাজকর্ম পদ্ধতি প্রয়োগ করেন।

**(ক) কত সালে জাতীয় মানবাধিকার কমিশন গঠিত হয়?**

**(খ) গ্রামীণ সমাজ সেবা বলতে কী বোঝায়?**

**(গ) উদ্দীপকে যে প্রতিষ্ঠানের প্রতি ইঙ্গিত করা হয়েছে তা নিরুপন কর?**

**(ঘ) উদ্দীপকে উল্লিখিত রফিকের চরিত্র সংশোধনের জন্য সমাজকর্ম যে পদ্ধতি প্রয়োগ করতে পারেন সেটি প্রয়োগের উপায় বিশ্লেষণ কর।**

৭। সোহরাব হোসেন সাহেবের বয়স ৬৫ বছর। তিনি চাকরি থেকে অবসর নেওয়ার পর পেনশনের সমস্ত অর্থ তার ছেলেমেয়েদের ব্যবসা-বাণিজ্যেও উদ্দেশ্যে প্রদান করেন। বর্তমানে তিনি নিঃসঙ্গ ও অনিরাপত্তায় জীবন যাপন করছেন। এ অবস্থায় তিনি প্রবণী হিতৈষী সংঘের কথা জানতে পেরে বাকিটা জীবন সেখানে থাকার পরিকল্পনা কওে বাড়ি থেকে বেরিয়ে পড়েন এবং পরবর্তী সময়ে তিনি আবাসিক, প্রশিক্ষণ, স্বাস্থ্য সেবা ও চিত্তবিনোদনের মাধ্যমে সেখানে সুখে জীবন অতিবাহিত করেন।

**(ক) ব্রাকের প্রতিষ্ঠাতা কে?**

**(খ) প্রবীণ জনসংখ্যা অব্যাহতভাবে বেড়ে চলেছে কেন? ব্যাখ্যা কর।**

**(গ) সোহরাব হোসেনের জীবনযাত্রার দিক পরিবর্তনের ইতিবাচক বিষয়গুলোকে সমাজসেবার দৃষ্টিভঙ্গিতে কী বলা যায়? ব্যাখ্যা কর।**

**(ঘ) উদ্দীপকে উল্লেখিত বিষয়টির সাথে সমাজকর্মের লক্ষ্য ও উদ্দেশ্যের সামঞ্জস্য রয়েছে কি? তোমার মতামত দাও।**